[illegible] কান্তে মনে আসে ভয়। জবানিবাঙ্গালায় [illegible] বাখিছি

* আসল কেচ্ছা শুরু *

* ত্রিপদী *

কাঞ্চন পুরের নাম কৈমুছ তাহা মধ্যে বাদসা এক ছিল নামদার। তাহার তারিফ জতো কেপারে কহিতে তাতো, কতো বাদসা তাবে ছিল তার * আদল এনছাফ তাহ [illegible]রগুা বরাবার, ছাখাওত্তি [illegible] সমান। হাসমতে [illegible] এয়ছা, হেক্ষতে রস্তম জেয়ছা, হেকমতে জেমন লোকমান * লোক লস্কর বেসুমার, হাত্তি ঘোড়ার নাহি পার খানে খানে ছিল ধোনাগার। লাল জওাহের ছারা; আছিল ভাণ্ডার ভরা; কেবা পারে করিতে সমার * এক পুত্র তার খা-বখ্সিলেন পরওাকে, নাম রাখে গোল সান জামাল। চারি সাল গত্ত হৈলো, মক্তেবে পড়িতে দিল, এলেমেতে হইল কামাল * জেথাগিরী জতো ফন্দ, কুস্তীর সকল বন্ধ, পুরা হৈল হুনর হেকমতে। [illegible] [illegible]বার জেয়ছা, প্রজার পালন কেয়ছা, সিখীলেন ঘোড়াই জিনেতে * কাবেল লাড়েকা দেখি, সকলি হইল খুসি আন্দর বাহির দুয়ারতে। খোসালেতে বাদসা থাকে, ভয় নাহি রাখে কাকে সদা থাকেমোন আনন্দিতে * কোন বাতে নাহি কোন নাছিলদেলেতে গোম দিবা, নিসী রহে খোসালিতে ॥ থাকেছোলতানাতে ঠাটে; দুখনেতে নাহি আট, প্রজা গোনে সদা [illegible]

* গোল সান জামাল সাহাজাদার *

* জন্য বাগীচা তৈয়ার হইবার বয়ান *

* পয়ার ছন্দ *

এক রোজ সাহা জাদা বাপের হুজুরে। হাত্তি পার হাত দিয়া কহে বিরে২ * আলম পানা জালহত্ত জিউ আব্বা পাই। দেলের মতলব কিছু হুজুরে জানাই সহরেতে থেকে কিছু নাহি লাগে ভাল॥ স্থির নাহি হয় মোন সদত্ত চঞ্চল * ফলানা ময়দানে বিচে করিয়া মেহের বাগান বানায়ে দেহো করীতে ছয়ের * শুনিয়ে বেটার কথা খোসালি অন্তরে। তখনি ডাকিল সাহা উজিরের তরে * উজিরে

তাকিয়ে কহে শোনহে ফরমান॥ ফলানা ময়দানে দেহো বানাইয়ে বাগান * যোন রঙ্গ হয় বাগ দেখিতে বাহার। বালাখানা হয় এক বিচেতে তাহার * বাদশার হুকুম শুনে উজির জাইয়া কারিগর সবাকারে লিল বোলাইয়া * বাদসার হুকুম জাহা কহিল সবায়॥ কারিগরে টাকা দিয়া করিল বিদায় * কারিগর লোক সবে জাইয়া ময়দানে॥ প্রাচিরে ঘিরিলো মাঠ খোসালিত মোনে * তিন ক্রোস আড়ে দিগে চৌহাদ্দি করিয়া॥ দিলেক দিওার এক চৌদিগে ঘিরিয়া * নানা রঙ্গ ফল ফুল দারক্ত লাগায়॥ অতিসোভা কর দেখে নয়ন জুড়ায় * এক বালাখানা ঙ্গর করিল তৈয়ার। বেহেস্ত সামান ঘর দেখিতে বাহার * লাল জওাহের কতো অমুল্য পাথরে। বানাইল বালাখানা জত কারিগরে * চৌদিগে বাগের দিল চান্দির দিওার॥ দরওাজা উপরে দিল সোনার কেওার * বেহেস্ত সমান বাগ বাহার দেখিতে। জাইয়া খবর দিল বাদসার কাছেতে * শুনিয়া খবর সাহা অতি খোসালিতে। সবাকে লইয়া আইল বাগান দেখিতে দেখিয়া বাগান সাহা খোসাল হইয়া॥ এনাম দিলেন কারিগরে নেওা জিয়া * গোল সান জামাল শেই বাগের বিচেতে। ডেরের করিয়ে কেরে গেল খোসালেতে * এয়ার সকলে লিয়া খোসালেতে রয়। নাচ রঙ্গে দিবা নিসী শুখেতে কাটায় * গোল সান জামালের কথা রহিল এখন। নও বাহার বিবীর হাল শোন সর্ব্ব জোন * অধিন মানিক কহে কেচ্ছার কাহিনী তার পরে শোন ভাই অপ রুপ বানি *

এও বাহার বিবীর বিবরন

পয়ার

পরি স্থানে ঘর বাদসা পরির ছরদার। ফর্রখ সাহা নামে বড়া নামদার * নও বাহার নামে এক বেটি তার ছিল॥ ছুরাতের খান তারে এলাহী বক্সিলো * কি কব তোমার আমি রুপের বয়ান॥ চাঁন্দ শুয্য দেখে রুপ থাকিত হয়রান * কিবা নাক চক্ষু মুখ কিবা দুই ভুরু॥ কুচ শুম্ভ দুটী

বাকা মাজা খানি সরু * একেত পরির জাত মোরন জোগে দেখিলে তাহার রুপ না ফেরে নয়ন *। পরির রুপের কথা কি কহিব কায়। জগতে মসহুর আছে ছাপা তাহা নয় * এক বেটি ছিল মাল ফর্র্রখ সাহার। জানের সমান তারে করিত পিয়ার * এক রোজ পরি জাদী বাপের কাছেতে। ছাতি পরে হাত দিয়ে মধুর স্বরেতে * কহিতে লাগিল বিবী সোন বাবা জান। সহরেতে দেল সদা থাকেত হয়রান * ছয়ের করিতে সাদ হৈয়াছে আমায়॥ জাইতে বাসনা রাখি মাতুল আলায় হুজুরের হুকুম জদী হয় এক বার। ছয়ের করিয়ে দেল বাহ লাই আমার * শুনিয়া বেটীর কথা খোসাল অন্তরে॥ ছয়ের করিতে হুকুম দিলেক বেটিরে * নও বাহার শুনে হুকুম খোসালে দেলেতে। তিন চারি পরি বিবী লইয়া সঙ্গেতে * বাপের হুজুরে বিবী ছালাম করিয়া॥ খোসাল অন্তরে গেলো বিদায় হইয়া * উড়িয়া চলিল বিবী হাওার উপর। জাইয়া পৌছিল তার মাতুলের ঘর * দেখিয়া জে মামা তার খোসাল অন্তরে। পেয়ার করিয়ে রাখে আপনার ঘরে * অতি খোসালেতে বিবী রহিল সেথায়। ছয়ের করিয়ে ফেরে জেথা জিউ চায় * এক রোজ জায় বিবী ছয়ের করিতে। উড়িয়া জাইতে ছিল পাইল দেখিতে * ময়দান বিচেতে এক কোসাদা বাগান॥ বড়ই মাকুল বাগ বেহেস্ত সমান * চৌদিগেতে আছে তার চান্দির দিওার দরওাজা উপরে আছে সোনার কেওাড় * দেখিয়ে বাগের খুবি খোসাল হাজার। উতরিল সেই ঘড়ি বীচেতে তাহার * বাগের বিচেতে দেখে করিয়া নজর। নানা রঙ্গ ফুল আছে দেখি-তে সুন্দর * রকম২ ফুল গাছেতে ফুটিয়া। বিবিধ প্রকারে মেওা আছেত পরিয়া * ফুলের খোস বোয় ছোটে আতর জেমন। বাগের তামাসা দেখে খোসালিত মোন * ফিরিতে লাগিল বিবী বাগের ভিতর। কত দুরে গিয়ে দেখে করিয়া নজর লায়া চওড়া উচা এক বালাখানা। বড়ই মাকুল ঘর ঠাট

আমিরানা * জওহেরাত জমর্রূদ আছে বহু তর। লাল জরদ্দ ছফেদ ছবজ অমুল্য পাথর * দেখিয়ে সে বালাখানা খোসাল অন্তরে। ধিরে ধিরে গেল তার দরওাজা উপরে * দুয়ারেতে গিয়ে বিবী দেখে তাকাইয়া। এক মর্দ্দ আছে বশে কুরছি লাগাইয়া * চান্দ শুয্য তুল্য রূপ দেখে চমৎকার ॥ বড়ই হেছিন রূপ জওানি বাহার * এয়ার দু চারি জন কাছে আছে তার। ছারেঙ্গ বাজায় মর্দ্দ হাতে আপনার *

* গান *

কেয়া চঙ্গছে বাজাওয়ে ছারেঙ্গ তানা *দ্রিম দ্রিম দ্রিম তানা নানা না * গাওরে বাজাওরে তানা, দ্রিমতা দ্রিমতা দ্রিমতা দানি তানানা * তোম দেরে তাদেরে তানি, ধাতেঙ্গ তেলেনা দানি, তোম তোম তোম ধেলাঙ্গ ধেলাঙ্গ ধেলাঙ্গ ধাতেঙ্গ ধাতেঙ্গ ধাতেঙ্গ বাজে তেলেনা *

* পয়ার * শুনিয়ে বাজার তান দেখিয়ে ছুরত। তাজ্জব হইল পরি নাহি শরে বাত * এনছানে এমন রূপ দিলো পরওার ॥ হুর পরি মহ হয় ছুরতে এহার * মুল্লুকে মুল্লুকে মোরা ফিরিয়া বেড়াই ॥ আদমের রূপএয়ছা কভু দেখি নাই * চাহিয়া রহিল বিবি বেহোশী হালেতে ॥ আসকের তির তার লাগিলো বুকেতে * হোশ হারা হইয়া বিবি রহিল চাহিয়া। গোলসান জামাল দেখে নজর করিয়া * অরুন উদায় জেনো দারওাজা উপর ॥ রওশন হইল ঘর রূপেতে তাহার * কিবা মুক নাক চক্ষু কিবা দুই ভুরু ॥ কুচশুম্ভ দুটী কিবা মাজা খানি শরু * একেতো পরির জাত তাতে নও জওান ॥ দেখিয়ে বিবির রূপ গোলশান হয়রান * গোলশান আসক হৈল বিবির উপরে ॥ আশক মাশুক দোহে হইল বরাবরে * আশকের হালে মর্দ্দ হারাইয়া জ্ঞান। আপনা মতলব মোত আরম্ভিল গান *

* ফারছি হিন্দি ও বাঙ্গলা মিশ্রিত গান *

দেওানা কিয়া দেলতো মেরা তুনে পেয়্যারে * গামজা ছে

পারি, বলো কি উপায় করি; ওষ্টা গ[illegible] হইল এখোন * লিয়া তুনেজানি মোন হামারে * মেরে [illegible] বান, হরে নিলে মোন জ্ঞান, হলো মোন উচাটন, [illegible] আওরে জানি বয়ঠো থোড়া; পহলুছে মিলিয়া জ্বরা, লাগাকে জান ঠাণ্ডা করো জান হামারে * দেখে তোমার যুগল নয়ন, ভুলে গেছে মোর মোন, শশিমুখ হেরিয়া তোর প্রান বিকরে *

* পয়ার * দেখিয়া আশ্চয্য ভাব এয়ার গোন জারা দুছরা মহলে উঠে গেলো জে তাহার * তবে সে গোলশন বলে সুনো কোমলিনি। কে তুমি দুয়ারে খাড়া বলো দেখি শুনি কি নাম কোথায় ঘর কাহার নন্দিনি। মিথ্যা না বলিও মোরে সুনো কমলিনি * মারিলে আশকের তির আমার বুকেতে। ছট ফট করিছে মোন পারিনা শহিতে * প্রেমানল মোন বোনে দিয়াছো জালিয়া। শে আনলে মোন বোন উঠিল জলিয়া * আইশ২ প্রান মোরে আলিঙ্গন দিয়ে। মিলন বারিতে অগ্নি দেহ নিভাইয়ে * নওবাহার বিবি বলে শোনো মেহেরবান। নও বাহার নাম মেরা ঘর পরিস্থান * ফর্রুখ নামেতে শাহা বাপজে আমার পরিস্থানে ঘর বাদসা পরির ছরদায় * ছয়ের করিতে আশী এহি মুলুকেতে॥ তোমার বাগেতে আইনু তামাশা দেখিতে * তোমার ছুরত ছবি নজরে দেখিয়া। পাগল হইয়া গেনু আপনা ভুলিয়া * আশকের তির তেরা লাগিল বুকেতে। খুলিতে না পারি তির কলেজা হইতে * কারি তির লাগিয়াছে বুকেতে আমার। মোন পাখি হৈল ছেদ আঘাতে তাহার *

* নও বাহার বিবীর খেদের গান তাল জৎ *

উপায় করি কিহে বলনা এখন। মোনেরে বুঝাই জদি বোঝেনা মোর দুনয়ন * তোমার এস্কের তিরে, বুকেতে লেগেছে মোরে, কলেজা হইল পার সে বিসে দহেরে মোন * অবলা শরলা নারি, এজালা কি শইতে

* গোল সান জামালের খেদ উক্তি *

* পয়ার * গোলশন জামাল বলে শোন প্রান প্রিয়ে। ঐ রূপ কলেজা মোর গিয়াছে ছেদিয়ে * জেমন তোমার প্রান জলেছে বিশেতে। তেমনি আমার জান লেগেছে জলিতে * আইশ২ প্রানেশ্বরি বৈসনা কাছেতে॥ উভয়ের মোন ঠাণ্ডা করো মিলনেতে * এত বলি শাহা জাদা চলিল উঠিয়া। নও বাহারের হাত ধরিল জাইয়া * সঙ্গি পরি গোন দেখে তফাত হইল॥ গোল শান বিবীর জবে হাতেতে ধরিলো * জতনে বসায় প্যারে পালঙ্গ উপর। আশক মাশুক দোহে খোসাল অন্তর * নানা ছলে কথা বলে মধুর বচনে। গোলাবি শারাব বশে খায় দুই জনে * শারাব খাইয়ে দোহে হৈল মর্ত্তহাল॥ চুম্ব আলিঙ্গন করে গালে দিয়ে গাল * সায়ের করিনূ আমি কেচ্ছার মাফিক আব্দুল শুকুর নাম ওরফে মানিক * পয়ার ছাড়িয়া এবে ত্রিপদি আকারে। দোহার মেলন করি খোশাল খাতেরে *

* গোল সান জামাল ও নও *
* বাহার বিবীর প্রথম মিলন *

* ত্রিপদী * বাহারের ধোরে হাত. গোলসান কহেন বাত, কাম ভাবে হয়ে মর্ত্ত হাল। রসে গদ২ মোন, করে চুম্ব আলিঙ্গন, দুই জনে বড়ই খোসাল * নও বাহার হৈয়া খুসি, গোল সানের কাছে বসী, কহে কথা মধুর বচন। মুখেতে মধুর হাস, করে তাতে সব্ব নাস, চক্ষু ঠারে কেড়েলয় মোন * গোলসন দেখিয়ে তারে, আরকি শহিতে পারে, প্রেমানল উঠিল জলিয়া। শরাবের পেয়ালা হাতে, নও বাহারে দেয় পিতে খায় বিবী খোসাল হইয়া * নও বাহার খোসালিতে, পেয়ালা লইয়া হাতে, গোল সানেরে দিল পেলাইয়া। গোল সান শরাব খাইয়ে, নেশাতে বেহুস হইয়ে, ধরে বিবীর গলে হাত দিয়া * কাম ভাবে মর্ত্ত হইয়া, ধরিল জে সামাটীয়া, মুখে তার করেত চুম্বন। কোমলে রাখিয়ে হাত সোয় দোহে এক সাত, রসে গদ গদ

দোহার মোন * গালে ২ বুকে২ , কোলে২ শু কৌতুকে, লাগাইয়ে দেয় আলিঙ্গন ॥ ঝন ২ নেপুরের বাজা, তাতে করে হদ্দ মজা, দুই জনে হইল মিলন * শিহরিল কলেবর' অঙ্গ কাঁপে থরে থর, চক্ষু মুদে রহিল লাজেতে। অটল দোহেতে ছিল আপসেতে টলে গেল, কলি জেন প্রকল্ল নিসীতে * নিসী অবশান কালে, নও বাহার গোল সনে বলে, জাই এবে আপনা ঘরেতে। নিসী হলো অবশান, জাই এখন নিজ স্থান, বিদায় করহে প্রান নাথে * খোদা জদী ভাল করে, পুন কাল আসব ফিরে, উভয়েতে হইবে জে দেখা। ভুলোনা আমারে প্রান, শুপীনু তোমারে প্রান, আমায়ে মোনেতে রেখো সখা *

* পয়ার *

গোল সান জামাল বলে সোন প্রান প্রিয়ে। কেমনে জাইতে চাহ আমাকে তেজিয়ে * তোমা বিনে কেমনেতে রহিব ঘরেতে। না কহো এমন কথা আমার সাক্ষ্যাতে * তোমা বিনে প্রান মেরা বাচিবে কেমন ॥ সদাই রহিবে মেরা মোন উচাটন * নও বাহার বিবী বলে সোন প্রান সখা। তোমার সঙ্গেতেপুণ হবে কালি দেখা * মেরা জান তেরা হাতে বন্ধন হইয়াছে। ধড় মাত্র জাবে সেথা কহি তেরা কাছে * রবি অস্তে গেলে উদায় হইবেক সশী। আবস্য তোমারে দেখা দিব আমি আসি * এত বলি পরি জাদি হইল বিদায় ॥ জাইয়া পৌছিল তার মাতুল আলয় * চারী পাঁচ পরি জারা সঙ্গেতে আছিলো। হেতা কার হাল তারা জানিয়া জে ছিলো * নও বাহার বিবী সেই পরি সবাকারে ॥ কছম দীলেক ধনি নানান প্রকারে * দোহাই দিলেক ছেলেমান নবিজীর। নাকরো ২ বুবু একথা জাহির রাহা পরে পরি গোনে তালীম করিয়া। মাতুল আলয় বিবী পৌছিল জাইয়া * সারা দিন কাটে বিবী উচাটন মোনে ॥ পহর এক রাত্র জবে হইল গগনে * জাইয়া পৌছিল বিবী গোল সানের ঘরে। গোল সান হইল খুসি দেখীয়ে বিবীরে * আইস২ প্রান প্রিয়ে বৈস মোর কাছে। তোমা বিনে জান মেরা বেকরার আছে

এতো বলি সাহা জাদা গান আরম্ভীল। মিষ্টি সুরে নও বাহারে তুসিতে লাগিল *

* গান *

আইস প্রান চান্দ বদনি হৃদয় মাঝারে রাখি। হেরে তোমার চন্দ্র মুখ জুড়াই আমার জগল আখি * কাল জখন প্রান গেছো তুমি, পথ পানে তাকিয়ে আমি, তিলেক না দেখলে তোমায় শবশমু মত্ন দেখি *

* ফর্রূখ সাহা নওবাহার বিবিকে*

* কয়েদ করিবার বয়ান *

* পয়ার * নও বাহার রোজ ছায়েরের বাহা নায় গোল শনের নিকটেতে আশে আর জায় * খুসির সাগর দোহার উঠে উথলিয়া। করেত পেয়ালা বাজি খুসিতে মাতিয়া*প্রেমের নাহিক পার আশক মাশুকে। জড়া জড়ি কোলা কুলি করে শু কৌতুকে * দোহার মুখেতে দোহে করেজে চুম্বন। গলেঽ ধোরে দোহে করে আলিঙ্গন * জামিনি কামিনি লইয়ে শুখেতে কাটায় নিসী অবসানে বিবি নিজ স্থানে জায় * এই রুপে পরি জাদি নিত্য আইসে জায় ॥ আশক মাশুক রোজ শুখেতে মেলায়* এয়ছাই কতেক দিন গুজরিয়া গেলো । নও বাহারের পরে আফত ঘটিল * এক পরি গিয়া ছিল ফিরিবার তরে ॥ নও বাহারে দেখে গোলশন হুজুরে * সরাব খাইয়া দোহে হৈয়া মত্য হাল। করিতেছে চুম্ব দান গালে দিয়ে গাল * দেখিয়ে সে হাল পরি ঘরেতে আসিয়া। বিবির মামাকে কহে বয়ান করিয়া * শুনিয়া বিবির মামা এই শমাচার। বহুতি হইল গোস্বা দেলে আপনার * বসিয়া আছিল মর্দ্দ গোস্বায় ভরিয়া। নও বাহার সেই ওক্তে পৌছিল আসিয়া * দেখিয়ে বিবির তরে গোশ্বায় জলিল।। গালি দিয়ে নও বাহারে কহিতে লাগিল * ভালোত ছয়ের তুই করিবারে আলি ।। আখেরে পরির কুলে কালি লাগাইলি * করিলি কূলের খোটা নাহিক শরম। দূর হও হেথা

হইতে পাপীষ্ঠ অধম * বাদসা তোমার বাপ পরিস্থানে ঘর। পরির ছরদার বটে বড়া নামদার * তাহার কুলেতে কালি দিলি লাগাইয়া ॥ কেমনে দেখাবি মুখ বাদসাকে জাইয়া * ভাই বেরাদারে মুখ কি রুপে দেখাবি ॥ পরির মহফেলে তুই কেমনে জাইবি * পরি জাত হইয়ে মেলো আদমের সাতে। করিলি কুলের খোটা পরির কুলেতে * এই মোত কতো শতো করে ফজিহত ॥ ফরখ শাহার কাছে লেখে কেতাবত * বিবির সঙ্গেতে তিন চারি পরি দিয়া ॥ ফরখ শাহার কাছে দিল পাঠাইয়া * লেখন খুলিয়া শাহা জখন পড়িল। বারুদের ঘরে জেন আগ লাগাইল * পরির মুখেতে শুনে তামাম খবর ॥ গোস্বায় অঙ্গুদ তার কাঁপে থর থর * গোস্বা দেল হইয়ে বলে সোনরে কোমজাত। আদমের সঙ্গে মেলো হৈয়া পরিজাত * নাহিক শরম তেরা নাহিক ভরম ॥ কুলে কালি লাগাইলি পাপিষ্ঠ অধম * কেমনে দেখাবি মুখ পরির সভাতে ॥ করিলি কুলের খোটা আমার কুলেতে * ভালো তুই গিয়া ছিলি ছয়ের করিতে ॥ আখেরে মজালি কুল আদমের সাতে * এই মোত কতো শতো ফজিহত কোরে। মহলে পাঠায় তার মায়ের হুজুরে * মহলেতে থাকে বিবি পরিগন সাতে। নিসিতে চলিয়া জায় এয়ার কাছেতে * নও বাহার বিবি সেথা নিত্য আইশে জায় ॥ শহ চারি পরি কেহ দিশা নাহি পায় * এয়ারে লইয়া খুসি করে নিশী কালে। নিশী অবসানে আইসে আপনা মহলে * এক রোজ নও বাহার গোলশনে কহিল। সোন হে প্রানের নাথ মুস্কিল ঘটিল * তোমার প্রেমেতে মজে আমি আসি জাই। প্রকাষ হইয়াছে তাহা ছাপা দেখো নাই * কোন অক্তে কিবা ঘটে কহিতে না পার ॥ জানের দুশমন মেরা আছে জতো পরি * অতএব কহি আমি শোন প্রান শখা। বিপদে পড়িলে গিয়ে দিবে তুমি দেখা *

* গান *

ওহে প্রান শখা, দিও তুমি দেখা, সঙ্কটেতে জদি পড়িহে কখন। জত পরিগন হইল দুশমন, সঙ্গে ২ তারা ফেরে সর্ব্ব ক্ষন * হেলিতে না পারি, শদা ভয় করি, পায় ২ ফেরে জত শখি গন * না জানি ললাটে, মোর কিবা ঘটে, নিকটে বুঝি আসিল মরন * কপালেতে জাহা, হইবেক তাহা, ভাবিয়ে আর চারা কি এখন *

* পয়ার * এত বলি নও বাহার হইল বিদায়। জাইয়া পৌছিল বিবি আপনা আলয় * এক রোজ নও বাহার জাইতে আছিল॥ শহচরি পরি এক দেখিতে পাইল * নও বাহার বিবি গেলো এয়ার কাছেতে॥ গোপনেতে সেহ পরি গেল তার শাতে * নও বাহার বিবি জত করে ব্যাবহার। ছাপাইয়া দেখে পরি সকলি তাহার * দেখিয়ে শুনিয়ে পরি ঘরেতে আসিয়া। বিবির মায়েরে কহে বয়ান করিয়া * শুনিয়া বিবির মাতা গোশ্বা দেল হৈয়া। সেরনর মোত বিবি রহিল বশিয়া॥ হেন কালে নও বাহার আইল ঘরেতে॥ ডাকিয়ে তাহার মাতা লাগিল কহিতে * এমন কুকর্ম্ম করো বেহায়া বয়তাল। নাহিক শরম করো এমোন খেয়াল * কূলেতে কলঙ্ক হৈল ওরে অভাগিনি॥ তোমার মোনেতে এত আমি নাহি জানি * এই মোত দিয়েগালিজাইয়া তখন। ফর্রুখ সাহেরে কহে সব বিবরন * শুনিয়ে ফর্রুখ সাহা গোস্বা দেল হৈয়া। নও বাহার তরে কত ফজি হাত কিয়া * কয়েদ রাখিতে তারে হুকুম করিল। শুনিয়া হুকুম জত পরি গন ছিল * আলাদা মহলে কয়েদ রাখিল তাহারে॥ পাচ শাত পরি রাখে নেঘাবানি তরে সাহা বাল নামে দেও ছিল এক জন॥ চৌরাহা পরেতে রাখে তারে নেঘাবান * কহে আদমের জাত পরির সহরে। কোন দিগ হৈতে কেহু আসিতে না পারে * সাহা বাল দেও জত লিয়া দেও গন। চৌরাহার পরে রহে হৈয়া নেঘাবান * নওবাহার বিবি বন্দি কয়েদ হইল॥ জার ২ হইয়ে বিবি কান্দিতে লাগিল

ঘরের বাহির বিবী জাইতে না পারে। এয়ার শোগেতে বিবি হায় ২ করে * নাহি খায় খানা পানি করে হায় ২। নও বাহার বিবি হইল পাগলের প্রায় * জার২ কান্দে বিবি এয়ার কারন। স্থির নাহি হয় সদা উচাটন মোন * হায়রে প্রানের নাথ রহিলে কোথায়। না দেখিয়ে তোর মুখ প্রান ফেটে জায় তোমার লাগিয়ে সদা মোন উচাটন॥ দেখা দিয়ে রাখো পুন অধিনের ধোন * এ সময় প্রান নাথ রহিলে কোথায়। কারাগরে দেখো বদ্ধ করিল আমায় *

* গান *

কোথা রলে প্রান সখা দেখা দিয়ে প্রান রাখ * তোমা বিনে জায় প্রান বারেক আসিয়ে দেখ * তোমার লাগিয়ে প্রান, সদা আছে উচাটন, জায় ২ প্রান মোর না হেরে তোমারি মুখ * কারাগারে বদ্ধ আমি, কোথায় রহিলে তুমি, অবলা সরলা প্রানে সহেনা আর এত দুখ * মানিক কহে সে বিবিরে, কেনে কান্দিতেছ ফিরে এ দুখ রবেনা পরে, সোগেতে পাইবে শুখ *

* গোল সান জামাল নও বাহার বিবীর *
* কারন বেকারার হইবার বয়ান *

* পয়ার * নও বাহার কারাগারে রহিল হেথায়॥ গোল সানের কাছে আর জাইতে না পায় * সাহা বাল দেও রইল চৌরাহে পহরি। নও বাহারের পহরি করে জতো পরি * ফিরিতে চলীতে আর বিবী নাহি পারে। দিবা নিসী কান্দে বসে ঘরের ভিতরে * নাহি খায় খানা পানি আরাম না করে॥ রাত্র দিন কান্দে বিবী এয়ার খাতেরে * পুনি মার চন্দ্র তুল্য ছিল মুখ সশি॥ সোগেতে মলিন হইল নাহি হাঁসি খুসি * আট দশ রোজ এয়ছা গোজারিয়া জায়। ওখানে গোল সান জামাল পেরেসানে রয় * ক্রমে দশ বার রোজ গোজারিয়া গেলো। কহে মোর প্রীও সিনী কেনন।আইল * না জানি কি

হাল হৈল বোঝা নাহি জায়। প্রান প্রিয়ে বিনে মোরে প্রানে বাঁচা দায় * হায় বিধি কি করিলে নছিবে আমার। দিয়ে ধোন কেড়ে নিলে একি অবিচার * আকাসের চন্দ্র দিলে হাতেতে তুলিয়া। পুণ তারে নিলে কেড়ে নিদয়া হইয়া * আশ্‌বো বলে প্রান প্রিয়ে হেথা হইতে গেল ॥ না জানি কি হাল হইলো কেনন৷ আইল * কেমনে রহিব আমি ছাড়িয়ে তাহায় ॥ তাহাকে না দেখে মোর প্রান বাচা দায়* তিলেক না হেরে জারে বাঁচিনা পরানে। তাহাকে ছাড়িয়ে ঘরে রহিব কেমনে * হায়রে প্রানের প্রি.য় কোথায় রহিলে ॥ দুখের শাগরে মোরে ভাসাইয়া গেলে * তোমাকে না দেখে বুজি প্রান মোর জায় ॥ দেখা দিয়ে প্রান রাখ হইয়ে সদয় ॥

* ধুয়া *

ও প্রান রহিলেকোথায়। না হেরিয়েতবমুখ প্রান মোর জায়* না দেখে সে চন্দ্র মুখ, বিদরিয়ে জায় বুক, সহেনা আর এত দুখ, কহিব কাহায় * কোথা হইতে হেথা এলে. নানা ছলে ভুলাইলে, মোন চুরি করে আমার রহিলে কোথায় * রাম ধেনু জিনি ভুরু, কিবা মাজা খানি সরু, কুচশুম্ভ দেখাইয়ে ভুলালে আমায় * চন্দ্র তুল্য মুখ খানি, তাহাতে মধুর বানি, মৃেগেরজিনিয়া চক্ষু রহিলে কোথায়* উর্দ্ধ নাশা দির্ঘ কেশী, মুখেতে মধুর হাশী, গলে গজমতি হার নেপুর দুপায় * হাতেতে কঙ্কন শাজে, পায়েতে নেপুর বাজে, কোমরেতে চন্দ্র হার কিবা শোভা তায় * হাতে সাজে পৌছি বালা; গলেতে চাপ কলি মালা, কানেতে কনক বালা, দেখে প্রান জায় * দেখে তোমার চন্দ্র বদন, ভুলে জায় মনির মোন, হরিলি আমার মোন, পিয়ারে আমায় * প্রথম মিলন কালে; নানা ছলে ভুলাইলে, সে সব কথা ভুলে এখন রহিলে কোথায় * তোমার লাগিয়ে প্রানে, পোড়ে মোন হুতাসনে, দেখা দিয়ে রাখ প্রান ধরি

তবো পায় * আমিত তোমার দাশ, নাকরো মোরে
নৈরাশ, পুরাও মোর মোন আশ, আসিয়ে হেথায় *

* পয়ার * গোলসান জামাল কান্দে বিবির কারনে। হায়২ করে ধারা বহে দু নয়নে * নাহি খায় খানা পানি করে হায় ২ ॥ উলঙ্গ পাগল বেসে কান্দিয়ে বেড়ায় ॥ হায়রে প্রানের প্রিয়ে কোথার রহিলে। দুখের সাগরে মোরে ভাসাইয়া গেলে * দুখেতে ডালিবি জদি ছিল তোর মোনে। শুখের পালঙ্গে তবে বসাইলে কেনে * আগেনা বুঝিয়ে প্রান শুপিয়ে তোমায় ॥ এখন তোমার লাগি প্রান মোর জায় * আগে জদি জানি তোমার কঠিন হৃদয় ॥ তবে কিহে প্রান মোর শুপিতাম তোমায় * প্রান শোম ভাল আমি বাসিয়ে তোমারে ॥ রেখে ছিলাম জত্ন করে হৃদয়ে পীঞ্জিরে * অবসেসে দাগা দিয়ে গেলে পালাইয়া ॥ তালাষ করিয়া ফিরি তোমার লাগিয়া * মোন চুরি কোরে মোর পালাইয়াছ পাখি ॥ তোমার কারনে মোর ঝোরে দুটী আখি ॥

* গান রাগিনি বেহাগ তাল আড়া *

আমারি মোন চোরা পাখি ফাকি দিয়ে গেছে উড়ে।
কে এমন বেথিত আছে সাধের পাখি দিবে ধরে *
না হেরিয়ে সেহি পাখি, দিবা নিসি ঝোরে আ[illegible] কোন
সব সন্যময় দেখি প্রান বুঝিজায়রে ছেড়ে * [illegible] পাক
[illegible]না

* গোল সান জামাল নও বাহার *
* বিবিকে স্বপনে দেখি বার বয়ান *

* ত্রিপদি * নও বাহারের সোকে, সাহাজাদা আপনাকে, জার ২ কান্দে দিবানিসি ॥ নাহি খায় খানা পানি, কান্দে মর্দ্দ রাত্র দিনি, মলিন হইল মুখ সসী * মুখে করে হায় ২ কান্দে মর্দ্দ উভরায়, দুই চক্ষে বহে নির ধারা ॥ কি করিব কোথা জাব, কেমনেতে দেখা পাব, পেয়ে ধোন হইয়াছি

হারা * হায়রে প্রানের প্রিয়ে, কোথা রইলে লুকাইয়ে, দুক্ষের সাগরে ডালিয়ে ।। না দেখি তোমার মুখ, বিদরিয়ে জায় বুক প্রান দান করো দেখা দিযে * এই মোতে দিবা নিসি, কান্দে মর্দ্দ ঘরে বসি, আহার নিদ্রা নাহি তারে । নিদ্রায় করিল জোর, দু আখি হইল ঘোর, শোয় মর্দ্দ বিছানা উপরে * নিদের খোমার ছিল, স্বপনে দেখিতে পাইল, নও বাহার আইল জে ঘরে। শুর্য্যের কিরন জেয়ছা, ঘরে প্রবেশিল তেয়ছা, কহে কথা অতি মধু স্বরে * কাছেতে বসিয়া বিবী, দেখায় আপনা ছবি, হেসে ২ মুখে কথা কয় ॥ অঙ্গপরে দিয়ে হাত, কহে শোন প্রান নাথ; তোমারে না দেখে প্রান জায় * তব বিরহেতে মরি, স্থির হৈতে নাহি পারি, টিকীতে না পারি আমী ঘরে ।। প্রমানলে দহে প্রান; সদা উচাটন জান, অমি-লনে সদা আখি ঝোরে * ওঠোহে প্রানের প্রান, মেলনেতে প্রান দান, দেহ মোরে ওহে প্রান নাথ ॥ মধু মুখে কথা কও, উঠিয়া জে পান খাও, ঠাঁণ্ডা করো গায়ে দিয়ে হাত * আমিত তোমার নারি; তবো জন্যে দেসন্তারি; হইয়ে আমি এসেছি এ দেসে। করম নজর করো, আমার আরজ ধরো উঠে তুমি বৈসো মোর পাসে * সোন প্রান কহি তোরে, আছি বদ্ধ কারাগারে, পরিস্থানে বড়ই ক্লেসে। বিনয়েতে কহি আমি, অবিস্য জাইবে তুমি, পরিস্তানে আমার তালাসে * এই মোত কথা বলে, গোল সনের ধরে গলে; সোয় বিবি হইয়ে এক সাত। গোল সান ধরিল গলে, সোয় দোহে মত্ত হালে, কোমলেতে রাখিয়ে জে হাত * কাম ভাবে মত্ত হয়ে, উরু দেসে উরু দিয়ে, গলা তার ধরে সামটীয়া ॥ নিন্দের খোমার ছিল, তখনি ছুটীয়া গেল' দেখে মর্দ্দ দু আঁখি খুলিয়া * স্বপনেতে বিবী ছিল, নানা ছলে ভুলাইল, নাহি দেখে চেতন হইয়া ॥ উঠীয়া বিছানা হইতে, তালাসিল নানা মতে, বালাখানার চৌদিগে বেড়িয়া * তালা-সীয়া নাহি পায়; করে মর্দ্দ হায় হায়, খালি ডাকে বিবী নও বাহার ॥

হায় বিধি কি করিলে, দিয়া কেনে কেড়ে নিলে, পুন ফের পাব কিবা তারে * ললাটেতে আছে জাহা, অবিশ্য হইবে তাহা, জাব আমি দেশ দেশান্তরে॥ কোথা গেল প্রানেশ্বরি, তালাশ করিয়া ফিরী, জদি বিধী মিলায় তাহারে *

* গান তাল জৎ *

* ঘরে রহিতে ভার হইল এখন না *
* হেরে সে চন্দ্রমুখ উড়২ করে মোন *
* জে দেসেতে গেছেপ্রিয়া, জাইব *
* উদাসী হইয়া, ঢুড়িব সে দেশে *
* গিয়া আমারি প্রানেরি ধোন *
* গোল সান জামাল নও বাহার বিবীর *
* তালাসে দেসেন্তর জাইবার বয়ান *

* পয়ার * গোল সান জামাল তবে বিবীর কারন। স্থির হৈতে নাহি পারে মোন উচাটন * ক্ষেনে হাঁসে ক্ষেনে কান্দে হায়২ করে। ক্ষেনে২ দৌড়ে জায় বাগান বাহিরে * না পারে রহিতে ঘরে পাগলের প্রায়। বিবীর তালাসে মর্দ্দ নেকলিয়া জায় * রাত্র নিসী কালে মর্দ্দ বাহির হইল॥ চাকর নফর কেহু জানিতে নারিল * ঘর হইতে নেকলিয়া চলিল রাহেতে। পরির মুল্লুকে মাশুকের তাল্লাসেতে * কোন দিগে ঘর তার না জানে খবর। কেবল ভরসা দেলে পাক পরওার * রাত্র দিন জায় চলে না করে মকাম। নাহি খায় খানা পানি না করে আরাম * দিবা রাত্র জায় চলে বেহুসির হালে। কখন রাহেতে চলে কখন জঙ্গলে * ভুকেতে কাতর জদি হয় অতি-সয়। দরক্তের পাত ফল ভুড়িয়া জে খায় * এই রুপে সোল রোজ গোজরিয়া গেল॥ বড়া উচা পাহাড় এক ছামনে পাইল * জাইতে২ গেল নিকটে তাহার॥ তাকাইয়া দেখে মর্দ্দ করিয়া নজর * বড়া উচা পাহাড় শে আকাশ সমান। চড়িল উপরে তার ভাবিয়া ছোবহান * পাহাড় উপরে দেখে করিয়া নজর॥

লাল রঙ্গ পাহাড় সে লহু বরাবর * বড়া২ গাছ আছে উপরে
তাহার। ফুল ফল ডাল পাতা লাল রঙ্গ তার * চরেন্দা পরেন্দা
তার জত জানওার। লাল রঙ্গ রুপ তরে দেখিতে বাহার *
দেখিয়া পাহাড় দেলে খুসি অতিশয়। পাহাড় উপরে মর্দ্দ ফিরি-
য়া বেড়ায় * কত দুরে দেখে এক পানির নহর। লাল রঙ্গ
পানি তার লহু বরাবর * লাল রঙ্গ মাছ তাতে আছে বহুতর
খাড়া হৈয়া দেখে মর্দ্দ তামাসা তাহার * সেথা হইতে কত
দুর নেকলিয়া জায়। আজিব বাগান এক দেখি বারে পায় *
বেহেস্তেশমান বাগ চৌদিগে দেওার॥ জওহেরাত দিয়া গাথা
দেওার তাহার * দরওাজা উপরে আছে সোনার কেওাড়॥ অমুল্য
পাথর তাতে আছে বেশুমার * দেখিয়া বাগের খুবি খোসাল
অন্তরে। ঘিরে ধিরে গেল তার দরওাজা উপরে * দরওাজা
উপরে দেখে করিয়া নজর। লোক জন নাহি কেহু বাগান ভিতর
ছত জে আছে গাছ বাগের বিচেতে। নানা রঙ্গ ফুল ফুটে
আছেত তাহাতে * বহুতর আছে মেওা গাছেতে ধরিয়া। খোসা-
ল হইল অতি বাগান দেখিয়া * খোদার ভরসা মর্দ্দ করিয়া দেলে-
তে। বাগের বিচেতে গেলো তামাসা দেখিতে * কত দূরে
গিয়া দেখে আছেত তালাব। পানির খোস বোয় তার জেমন
গোলাব * তালাবের চৌদিগেতে নানা রঙ্গ ফুল। ফুলের
শৌরবে মোন হয়তো আকুল * মোন্দা২ বাও তাতে বহিছে
পবনে। ছায়া দার গাছ কতো আছে স্থানে স্থানে * ভুক পেয়া-
ছেতে অতি আছিল কাতর। খাইল জে মেওা খুব পাইয়া মজা
দার * তালাবেতে খায় পানি আছুদা হইয়া। শুইল গাছের
তলে আরাম পাইয়া * রাহের মান্দেগী অতি কাতর আছিল।
আরাম পাইয়া মর্দ্দ শুইয়া রহিল * নিন্দের খোমার কিছু হইল
তাহারে। স্বপনেতে দেখে ফের নও বাহার বিবীরে *

* গোলসান জামাল নও বাহার বিবীকে *

* দ্বিতিয় বার স্বপনে দেখি বার বয়ান *

* পয়ার * স্বপনে বাহার আইল গোল সান কাছেতে। গায় হাত দিয়া কহে মধুর স্বরেতে * আমার তালাসে তুমি হেথায় আসিয়া। বাগানের তামাসাতে রহিলে ভুলিয়া * তোমার কারনে মোন ছট ফট করে। টীকিতে না পারি আমি বন্দি খানা ঘরে * ওঠহে প্রানের নাথ বৈস মোর কাছে। অ মিলনে প্রান মোর দাহন হইয়াছে * দিবা নিসী থাকি আমি চেয়ে পথ পানে। কত দিনে প্রান নাথ আসিবে এখানে*বিচ্ছেদ অনলে প্রান জলিছে সদাই॥ সীতল করিবে আসী মোনে আছে তাই এখানে আসিয়ে তুমি রহিলে ভুলিয়া। দুখের সাগরে মোরে কয়েদ করিয়া*বিলম্ব সহেনা আর ওহে প্রান ধোন। তৃরিত চলিয়া আইস দেশ পরিস্থান * নিন্দের খোমারে অতি বেহোস আছিল। স্বপন দেখিয়া মর্দ্দ চমকিয়া উঠিল*উঠিয়া না দেখে আর সে নওবাহারে কান্দিতে লাগিল তবে হায় হায় করে * কান্দিতে২ মর্দ্দ সেখানে থাকিয়া॥ পরিস্থান দেসে জায় রওানা হইয়া *

* গান *

* রাগিনী বেহাগ তাল আড়া ঠেকা *

উপায় করিব কেমন। বারে বারে এসে পাখি হরিয়ে লয় মোন * স্বপনেতে এসে পাখি, প্রান লিয়া জায় দিয়ে ফাকি, পুন তারে নাহি দেখি, হইয়া চেতন * ঘুমের ঘোরে বলি ধরি; ধরিবারে নাহি পারি, মোন আনলে জলে মরি, ঝোরে দু নয়ন * মানিক বলে রসো রায়, স্বপনে কি ধরা জায়; সহজে পাবেনা তারে করহে ভ্রমন*

ত্রিপদী এলাহি ভাবিয়া দেলে, গোলশান রাহেতে চলে, পরিস্থানে পরির সহরে। কোন দিগে ঘর তার, নাহি জানে সমাচার, পথের খবর পোছে কারে * লোক জোন নাহি পায়, খবর পুছিবে কায়, কেবল ভরসা পরওার। তাহা বিনে নাহি গতি, সেইত সঙ্গের সাতি, রাহি লোকের সেহি রাহাদার * অধিন মানিক বলে, এলাহি মুস্কিল দিলে, আপনি

সে করেত উর্দ্ধার ॥ খোদায় ভরসা দেলে, জায় মর্দ্দ রাহে চলে সদা মোনে ববী নও বাহার * নাহি খায় খানা পানি; জায় চলে রাত্র দিনি, তিলেক না করেত আরাম। মাশুকের গোম দেলে, দিবা নিসি জায় চলে, কোন খানে না করে মোকাম * খুদাতে কাতর ভারি; জায় মর্দ্দ ধিরি ধিরি, পৌছে এক নদির কেনারে। গায়েতে নাহিক জোর, দু আখি হইলো ঘোর, খাড়া হৈল দরিয়ার তিরে * দরিয়া কেনারে গিয়া; দেখে মর্দ্দ তাকাইয়া, অপার সে দুরান্ত সাগর। মৌজা উঠেছে তার, পাহাড়ের বরাবর। দেখে দেলে হৈল বড়া ডর * অপার সাগর এই, নাও জাহাজ কিছু নাই, পার হবো কেমন করিয়া। চৌদি-গিতে জলে ঘেরা, নাহি দেখি কিস্তি বেড়া, কেমনেতে জাব পার হৈয়া * নাহি দেখি বস্তি গাও, দরিয়ায় না দেখি নাও, কোন্ দিগে জাইব কেমনে। দেস ভূইছেড়ে এসে; বিপাকে পড়িণু সেসে, প্রান বুঝি জায় এত দিনে * বিসাদ ভাবিয়া মর্দ্দ, দেলেতে ভাবিয়া দদ্দ, আপনাকে আপনি বুঝায়। কেনরে অবধ মোন, ভাব তুমি অকারন; ভেবে আর হবে কি উপায় ॥

* ধুয়া বাউলের শুর *

মোন পাগলরে * অপার সাগরে পার হবে কেমন করে * মোন পাগলরে * চৌদিগেতে জলে ঘেরা, না দেখি জে কিস্তী বেড়া, পার হবে কেমন ধারা, সেই কথাটি কও আমারে * মোন পাগলরে * জার লাগি হেথা এলে, তার দেখা নাহি পেলে, প্রান জাবে ডুবে জলে, রক্ষ্যা কে করিবে তোরে * মোন পাগলরে * মানিক বলে গোলসান সনো, মিছা তুমি ভাব কেনো, করো স্মরন নিরাঞ্জনো, সেজন পার করিবে তোরে * মোন পাগলরে ॥ রহমের সে তার দিয়া, আপনি কাণ্ডারী হইয়া, কোদরতের পাল উড়াইয়া, সাগর পার করবে তোরে * মোন পাগলরে ॥ সেবিনে নাহিক গতি, সেইত সঙ্গের সাতি, কিবা দিবা কিবা রাতি, পথি লোকের

সঙ্গে ফেরে * মোন পাগলরে ॥ কানাকুজা নেঙ্গড়া লুলা, আর জত পথ ভোলা ; দেখায় সে পথ একেলা. কেউত পথ দেখায় না তারে * মোন পাগলরে ॥ কিট আদি পতঙ্গ পক্ষ্য, জিব আদি লক্ষ লক্ষ, সবায় সে করে রক্ষ্য, রক্ষ্যাকি করবে না তোরে * মোন পাগলরে। জল মধ্যে কিড়া থাকে, সেথা রক্ষ্যা করে তাকে,, রক্ষ্যকি করবেনা তোকে, পক্ষ্য পাত সে করেনারে * মোন পাগলরে। ইউনছ নবিজি ছিল, মাছে তাঁরে গ্রাসিল;তাহাকে সে উর্দ্ধারিল'আপনি সে করম করে*মোন পাগলরে। খলিলুল্লা পয়গম্বরে, কাফেরে ধরিয়া জোরে, আতসেতে ডালে তাঁরে, সে আতসে বাচাইলরে * মোম পাগলরে॥ নুহু নবি তুফানেতে, পড়ে ছিল জেদিনেতে, আপনার রহমেতে, তুফানেতে বাচায় তারে * মোন পাগলরে॥ সে জনার কোদরত এমন, করো তুমি তারে স্বরন, করবে তোমার দুক্ষ্য মোচন, লিবে তোমায় সাগর পারে *

* গান রাগিনী বেহাগ তাল আড়া *

কি দুসিব বিধাতারে সকলি কপালে করে। দুক্ষ্য বিনে দুরা দ্রষ্টে বুঝি শুখ আর হলনারে * মোনে জত ছিল আসা. হল সকল ভঙ্গ দসা, মোনের আসা মোনে রলো ভুগ্‌তে হল দুখ সাগরে * জার লাগি হেথা এলেম, তারে নাহি দেখা পেলেম, এখন আমি মরি প্রানে জানিতে কি পারে সেরে * জায় জাবে প্রান নাহি দুখ, কেবল মাত্র এহি দুখ, দেখ্‌লাম না তার চন্দ্র মুখ, এ দুখ আর সহেনারে *

* পয়ার * দরিয়া কেনারে মর্দ্দ বসিয়া রহিল উপায় না দেখে কিছু ভাবিতে লাগিল ॥ রবি অস্তে গেলে সসি পৌছিল আসিয়া ॥ দরিয়া কেনারা হইতে চলিল উঠিয়া। বড়া এক গাছ ছিল নদির কুলেতে॥ জাইয়া পৌছিল মর্দ্দ তাহার

নিচিতে * খুদাতে অস্থির মর্দ্দ ছিল অতিশয়॥ কাতরে রহিল পড়ে গাছের তলায় * বেগমা পক্ষির জোড়া রৈত সে গাছেতে বাসা করে ছিল তারা গাছের ডালেতে * দুই বাচ্চা ছিল সেই বাসার ভিতর ॥ চক্ষু দান নাহি হইয়া ছিল দোহাকার * খোরাক লইয়া সেই ছানার কারন॥ রাত্র কালে আইল সেই পাখি দুই জন * খাইবারে দিল সেই বাচ্চা দোহাকারে। খোরাক না খায় তারা কহে বারে২ * এত দিন হইল চক্ষু দান নাহি পাই। খাইবারে দেহ কিবা দেখিতে না পাই॥ জত দিন চক্ষু দান মোদের না হয়॥ কিছুনা খাইব মোরা জানিবে নিশ্চয় * শুনিয়া বাচ্চারকথাপাখিদুইজন॥ কহিতে লাগিল তবেকরিয়া বর্ণন খোদা চাহে কালি চক্ষু হইবেক দান। খোসালেতে খাও দোহে মোদের পরান * বাচ্চা দোহে বলে তবে সোন মেহের বান। কি রুপেতে কালি চক্ষু হইবেক দান * এত দিন গুজারিয়া এই হালে গেল। আমাদের চক্ষু দান নাহিক হইল * কালি চক্ষু দান হবে কেমন প্রকার। বোঝাইয়া কহ দেখি সেই সমাচার * শুনিয়া ছানার কথা পাখি দুই জন। কহিতে লাগিল তবে করিয়া জতন গোলশান জামাল নামেবাদসার নন্দন॥ কাঞ্চনপুরেতে ঘর সোন বিবরন*নওবাহার পরিজাদি পরিস্থানে ঘর। আসক হইলমর্দ্দতাহারউপর*সেই মর্দ্দ আসিয়াছে গাছের নিচিতে॥ চক্ষু দান তোমাদের হবে তাহা হৈতে * তাহার জে লহু দিলে চক্ষেতে তোমার। চক্ষু দান হবে তবে সোন সমাচার * পাখি গন কহা বলা করিতে লাগিল। গোলসান জামাল সব শুনিতে পাইল * খোদায় ভরসা করে রহিল বসিয়া॥ নিসি গোজারিয়া দিন পৌছিল আসিয়া * পাখি দুই জন গেল আহার আনিতে। গোল সান জামাল তখন চড়িল গাছেতে * আপনা আঙ্গুল মর্দ্দ আপনি কাটীয়া। আঙ্গুল হইতে লহু লিল নেকলিয়া * সেই লহু লাগাইল বাচ্চার চক্ষেতে। চক্ষুদান হইল তাতে খোদার কোদরতে * বহুতি হইল খুসি বাচ্চা দুই জন। দেখিতে পাইল

তারা ছুনিয়া ভুবন * গোলসন জামালে বলে করিয়া খাতের॥ চক্ষ দান দিলে মোদের করিয়ে মেহের * জেমন করিলে খুসি আমা দুই জনে। করিব খেদমত মোরা দেল আর জানে * কি জন্ন্য অরুনে আইলে কহ নাম দার। তাহার বৃতান্ত হাল করনা পচার * আপনার কাম জদি পারি করিবারে। ছওাব পাইব তবে খোদার দরবারে * পাখি দোন এই মত কহিলেক জবে। গোল সান জামাল হাল প্রকাসিলো তবে * জে রূপেতে নও বাহার ছায়ের লাগিয়া। বাগানের বিচে পরি ওত্তারিলো গিয়া * জে রূপ-তে দুই জোনে খোসালিত মোনে। মিলন হইলো সেই নও বাহার সনে * জে রূপেতে পরি নিত্ত আসে আর জায়। মিলনের পরে জাহা পরি তারে কয় * তার পরেনাহি আসেপরি নওবাহার॥ কএদ করিলো করে সপনে প্রচার * জে রূপে তাহার লাগি দেওানা হইয়া। বাওরা হইয়া আইসে কারে না বলিয়া * দরিয়া পারেতে জাবে কেমন করিয়া। একে২ সব কথা কহে বুজাইয়া * এতেক শুনিয়া পাখি কহিলো তখোন॥ দরিয়া করিব পার চিন্তা কি এখন পৌছাইব লিয়া তোমায় দরিয়া পারেতে। খোসালিতে থাক তুমি গাছের নিচেতে * দিবা অবসানে শুর্য্য নিজ স্থানে গেল। তারা গনে লইয়া সসি উদায় হইল * আসিয়া পৌছিল তবে পাখি দুই জন। আহার লইয়া মুখে ছানার কারন * আসিয়া দে-খিল বাচ্চা চক্ষু দান পাইল॥ পাখি দুই জন অতি খোসাল হইল দুই বাচ্চা কহে তবে মা বাপ কাছেতে॥ জেই মর্দ্দ আছে বসে গাছের নিচেতে * করিয়া মেহের সেহ আমা দোহাকারে॥ করিয়াছে চক্ষ দান কহিজে তোমারে* জেমনভালাই করে আমা-দোহাকার॥ তেমনি ভালাই চাহি করিতে এহার * করিয়া মেহের এবে এহার উপরে॥ পৌছাইয়া দেহো এরে দরিয়ার পারে * শুনিয়া বাচ্চার কথা মেহের দেলেতে॥ গোলশানের কাছে এসে লাগিল কহিতে * আসিয়া ছওার হও আমার উপর

পৌছাইব লিয়া তোরে দরিয়ার পার * শুনিয়া এ কথা মর্দ্দ খোসাল অন্তরে। ছওার হইল তার পিঠের উপরে * বেছমেল্লা বলিয়া ছওার হইল জখন। হাওায় মিশিয়া পাখি উড়িল তখন * শারা দিন গেল চলে শন্যের উপরে। সাম কালে উত-রিয়ে দিলেক কেনারে * বিদায় হইল তারে কেনারে রাখিয়া গোল সান জামাল শেখা রহিল পড়িয়া * ভুকেতে আছিল মর্দ্দ বড়ই কাতর॥ চলিতে তাকত নাহি গায় নাহি জোর * অধিন মানিক কহে ভাবিয়া খোদায়॥ পয়ার ছাড়িয়া এবে ত্রিপদীতে গায়

* গোল সান জামালকে দরিয়া কেনার হইতে *

* এক কুকুর আসিয়া লইয়া জায় তাহার বয়ান *

* লঘু ত্রিপদী * নদির কেনারে, বহুতি কাতরে, সাহা জাদা রহে পড়ে। গায় নাহি জোর, ভাবে পরওার, উঠিয়া জা-ইতে নারে * খুদাতে অবস, হইয়া বেহোস, নদি কুলে রহে শুইয়া। খোদার কোদরতে, শেখা আচম্বীতে, পৌছে কুকুর আসিয়া * শুইয়া গোল সানে, দেখিয়া নয়ানে, কাছে তার আ-সিল॥ দেখিয়া বেহাল, কোমরের দেওাল, দাঁতেতে তার ধরিল উঠাইয়া জোরে, সন্নের উপরে, নিজ বাসে লইয়া গেল॥ বিবী জেই খানে, লইয়া সেখানে' ছামনে তার রাখিল * সেখানে রাখিয়া; কুকুর চলিয়া ' আপনার কাজে গেল। বিবী জে তাহার খোসাল হাজার, গোল সানেরে বসাইল * বেহোস আছিল; হোস উপজিল দেখিল দু আঁখি খুলে। নদি তিরে ছিল, কেমনে আইল, কেবা আনিলেক তুলে * দু আখি খুলিয়া, দেখে তাকা-ইয়া, সব ৺ট্টা লিকা ময়। ঠাঠ আমি রানা, জত বালাখানা, দেখিয়া তাজ্জব হয় * হাছিন ছুরত, আছে এক আওরত, খাড়া হৈয়া ছামনেতে॥ কুকুর আনিয়া, গেলো জে রাখিয়া, সকলি পাইল দেখিতে* কহো বিবী জান, হৈয়া মেহের বান, কোন জন বটে তুমি * কূকুর আনিয়া, গেল জে রাখিয়া, সত্য কহো শুনি আমি কাহার নন্দিনি ' আছো একা কিনী, লোক জোন নাহি আর।

কুকুর কে বটে, আমার নিকটে; কহ সব সমাচার * বিবী কহে তারে, কহিব তোমারে; স্থির হও আগে তুমি। সোন সে খবর, গেলো জে কুকুর, সে বটে আমার স্বামি * সে সব খবর, করিয়া প্রচার, কহিব আমি তোমারে। আহার করিয়া, সুস্থির হইয়া, বৈসনা খোসাল অন্তরে * হেতাকার কথা, রাখা গেলো হেতা॥ কাঞ্চন পুরে কিবা হইল। সনো সর্ব্ব জোন, লিখী জে এখন কি রুপে মাতম পড়িল *

* সাহা জাদা গোল সান জামাল গাএব *

* হওায় কাঞ্চন পুরে মাতম পাড়িবার বয়ান *

* পয়ার * গোল সান জামাল জবে রাত্র নিসী ভোগে কান্দিতে২ দেখে কেহ নাহি জাগে * মোনে বিচারিলো আমি প্রীয়ার কারনে। জাহা নছিবেতে আছে জাব পরিস্থানে * এতেক চিন্তীয়া মন্দ ওঠে ধিরে ধিরে। নও বাহার কোথা বোলে আইল বাহিরে * পৌছিলেক দরওাজার নিকটেতে জবে॥ দেখে নেগাবান জতো শুইয়াছেসবে * দরওাজা খুলিয়া তবে নেকলিয়া জায়। চলিল রাহার পরে বলে হায় হায় * সহর ছাড়িয়া জবে কতো দুর গেল। আল্লার তামাসা নিসী প্রভাত হইল * রাত্র পোহাইল জবে উঠিল সবাই॥ দেখিলো জে সাহা জাদা পালঙ্গেতে নাই * ঘরে ঘরে ফেরে আর বাগানেজাইয়া। হৈরানহইলসভে তালাসকরিয়া * হায় হায় করে সবে কোথা সাহা জাদা। কি জানি মোদের তালে কি লিখিছে খোদা * নাপাইয়া সাজাদায় কান্দিয়া২। তৈমুছ সাহার আগে কহিলেক গিয়া * খবর শুনিয়া সাহা তক্তেরপরেতে॥ বেহুস হইয়া গেরে কান্দিতে২ * কি হইল কোথা গেলো গোল সান জামাল। হায় হায় কোরে সাহা হইল বেহাল * অন্দর বাহিরে সবে করেজে মাতম॥ কাঞ্চন পুরের দেসে পাড়ল ছেতম * মাতম পাড়ল জতো শহরবাজারে। উজিরান কহে তবে বাদশা নামদারে কান্দিলে কি হবে সাহা করেন ছবর। তালাসিয়া সাজাদায় দেখি দেসান্তর * একথা শুনিয়া সাহা পছন্দ করিলো। গোল সানে

ঢুড়িতে তবে লোক পাটাইলো* হরেক সহরেতারে ঢুড়িয়া বেড়ায় কোন খানে গোল সানের দেখা নাহি পায় * দিল্লির সহরে ঢোড়ে নাগরের দেশে। কাসমির আজমির আরগোজরাতেতালাশে*সাম রুম আরব্ব বোগদাদ বোখারায়। চিন ও মেছের সাম খুজিয়া না পায় * ইউনান এছাফহানতে বহুত খুজিয়া। পাহাড় জঙ্গল নদী দেখে তালাসিয়া * কোন খানে সাজাদার টেকানা নাপায়। কাঞ্চন পুরেতে ফিরে আইল সভায় * খবর কহিলো তবে বাদশার হুজুরে॥ খুজিনু বহুত দেসে মোরা সাজাদারে * নাপাইনু কোন খানে তালাস করিয়া॥ নাচার হইয়া দেসেআইনু ফেরিয়া* একথা তেমুছ সাহা শুনিলো জখোন॥ মাতম পড়িলো ফের দেসেতে তখন * অন্দর বাহিরে তবে কান্দিল সভায়। ছবর করিয়া সেসে শুপিলো খোদায়* সাএর মিছকিন কহে পুস্তকের বাত॥ জে কথা ছাড়িয়া আইনু শনো সে হালাত * এবে সেই কুকুরের লিখী পরিচয়। জে রুপেতে সেই বিবী গোল সানেরে কয় *

* কুকুরের বিবরন *

* পয়ার * বিবী কহে স্থিরহয়ে বৈস মেহের বান। কহিব সকল কথা করিয়া বয়ান * এতেক বলিয়া বিবী উটে খাড়া হয়॥ পালঙ্গ উপর লিয়া গোল সানে বশায় * খাবার ছামানা জত তৈয়ার করিয়া॥ গোল সানের কাছে আনে থাঞ্চাতে পূরিয়া গোলসান খুদায় অতি কাতর আছিল। খাবার ছামানা দেখে খোসাল হইল * বেছমেল্লা বলিয়া মদ্দ খাইতে লাগিল। জেমন আছিল ভুকা তেমনি খাইল * খাইয়া হইল মদ্দ খোসাল অন্তর॥ খোদার দরগায় ভেজে হাজার সোকর * ফারাগাত হৈয়া জবে উঠিয়া বসীল॥ বিবীর নিকটে তবে পুছিতে লাগিল * কহো দেখি বিবী জান কেমন খবর। শুনিয়া কারার হউক আমার অন্তর কহিতে লাগিল বিবী শোন নামদার। কুকুরের কথা আমি করি জে প্রচার*এই মুল্লুকের বাদশা ছিল এই জোন। জঙ্গলেতে গিয়াছিল সেকার কারন *জঙ্গলের মধ্যে এক তালাব বিচেতে। এসে-

ছিল পরি গন গোছল করিতে * পরিধান বসন সব আড়াতে রাখিয়া। গোছল করিতে ছিল নিচে ওতারিয়া * দেখিয়া হাছিন রুপ পরি সবাকার। ছাপাইয়া রাখে মদ্দ বসন সবার * আড়াতে উঠিয়া তারা জত পরি গন। কাপড় না পাইয়া সবে কহিল তখন জে জন লিয়াছ কাপড় করিয়া জে চুরি ॥ আসিয়া কাপড় সব দেহ ত্বরা করি * নহেত করিব সাঁপ জানিবে নিশ্চয় ॥ এই রুপে বার বার পরি গন কয়* তবুত কাপড় মদ্দ নাহি দিয়া ছিল। অবসেসে পরি গন শাপিতে লাগিল * জে জন করিয়া চুরি লিয়াছ কাপড় আল্লা করে শেই জন হউক কুকুর * এই রূপে সাঁপ জদি দিল পরি গন। কুকূর ছুরত বাদশা হইল তখন * কুকুর ছুরত জদি বাদশার হইল। কাপড় শহিত পরির পায়েতে পড়িল* বহুত করিল জারি পড়িয়া পায়েতে ॥ মেহের নজরে পরি কহিল পশ্চাতে এক সাল পরে পুন আসিব জখন। আসল ছুরত তুমি পাইবে তখন * এত বলি পরি গন গেল জে উড়িয়া ॥ কুকুর হইয়া বাদশা আইল ফিরিয়া * কুকুরের রূপে জদি সাহা দেশে আইলো। সহরের জতো লোক ডরে পলাইলো * চাকর নৌকর জতো গেলো পালাইয়া। সহর গিয়াছে তাই বিরান হইয়া * গোল সান শুনিল জদি এই সমাচার ॥ আফছোছ করিল বড়া দেলে আপনার * আপনার হাল বিবী করিয়া প্রচার গোল সানকে পোছে হাল হকিকত তার * কহ দেখি মেহের বান করিয়া জাহের। এখানেতে আসিয়াছ কিসের খাতের * আদমের গোজরান হেথা নাহি কোন কালে। কিখাতরে এখানেতে কেমনে আইলে * কহিল গোলশান তারে সোন বিবী জান ॥ আ-মার দুক্ষের কথা করি জে বয়ান * কাঞ্চন পুরেতে ঘর জানিবে আমার। গোল শান জামাল নাম বাদশার কুমার * বাগান বানাই এক বেহেস্ত শমান। খোসালিতে সেখানেতে করিত গোজরান ফর্রুখ নামেতে সাহা পরির ছরদার ॥ নও বাহার নামে এক বেটি আছে তার* ছয়ের করিতে গেলো মেরা বাগানেতে। মোলাকাত

হইল মেরা তাহার সঙ্গেতে * হইনু আসক আমি তাহার উপর সেহবি হইল সখা কহি সে খবর * মেলা মেলি হয় দোহে খোসাল দেলেতে। নিত্য নিত্য আসে বিবী আমার কাছেতে * এখন না আসে বিবী কিসের খাতেরে॥ তারে না দেখিয়া দেল ছট ফট করে*প্রেমানল সদা মোন জলেছে আমার। না দেখিলে তার মুখ প্রানে বাঁচা ভার * রহিতে না পারি ঘরে আইনু চলিয়া বহুত দুক্ষেতে হেথা পৌছিনু আসিয়া * কোন দিগে ঘর তার না জানি খবর। বিপাকে পড়েছি চারা নাহি দেখি আর * কহিল সে বিবী তারে সোন নামদার। ভাল মোতে জানি আমি খবর তাহার * তোমার সঙ্গেতে তার পিরিতি হইল॥ বাপ মায় তার সব জানিতে পারিল * পাইয়ে সকল ভেদ পরির ছরদারে। নও বহারে রাখিলক বন্দ খানা ঘরে * সাহা বাল নামে এক দেয়ের ছরদার। নেঘাবান রাখিয়াছে চৌরাহা উপর * আদমের জাত কেহ আসিতে না পারে॥ একারনে নেঘাবান রাখিল তাহারে * সে রাহা কটিন বটে কহি জে তোমায়॥ নারিবে জাইতে তুমি কহিনু নিশ্চয় * দেখিলে সে দেও জাত তোমাকে ধরিয়া। একে বারে জানে তুজে ডালিবে মারিয়া * পরির খেয়াল তুমি ছাড় একেবারে॥ হেথা হৈতে জাও ফিরে আপনার ঘরে * শুনিয়া গোল-সান বলে সোন বিবী জান। ভুলিতে কি পারি তারে থাকিতে পরান * তিলেক না দেখে জারে বাচেনা পরান॥ তাহাকে ভুলিয়েমোর নারহিবে জান*তাহার লাগিয়েজদি জায়তো পরান তথাপি দেরেগ নাহি সোন বিবী জান *

* গান *

* রাগিনী বেহাগ তাল আড়া ঠেকা *

তারে ভুলিব কেমন। সে আমার নয়ানের তারা জিবের জিবন * কিবা দিবা কিবা রাত্র, তারি কথা কেবল মাত্র, মোনেতে জপনা করি সদা সর্ব ক্ষন * মিন জেমন জল বিনে, তিলেকেতে মরে প্রানে, তেমনী তাহার বিনে

মোর জিয়াস্তে মরন * আমি কি ভুলিব তারে, মোন নাহি ধয্য ধরে, মনি হারা ফনির মোত ফেরি সর্ব্বক্ষন মানিক বলে প্রেমের তিরে, বুকেতে লেগেছে জারে সেকি আর ভুলিতে পারে বিশের বেদন *

* পয়ার * এতেক গাইয়া সাহা অজ্ঞান হইলো সেই বিবী পানি মুখে জলদি ছেটাইল * দেখিল সে বিবী জ্ঞাঁদ হইয়াছে জ্ঞান। আশকের পথে মদ্দ রাখিয়াছে জান * সে বিবী কহিল তবে গোলসানের তরে। দুই তিন রোজ তুমি থাক মেরা ঘরে * দুই তিন রোজ হেথা আরাম করিয়া। পরিস্থান দেসে তুমি জাইবে চলিয়া * শুনিয়া বিবীর কথা রহিল সেথায়। দুই তিন রোজ এয়ছা গোজারিয়া জায় * চৌথা রোজেতে মদ্দ বান্দিয়া কোমর॥ রখছুত হইতে গেল বিবীর হুজুর * কহে সোন বিবী জান আরজ আমার॥ বিদায় হইয়ে জাই হুজুরে তোমার * খুসি খোসালিতে মুজে দেহনা বিদায়॥ পরিস্থান দেসে জেনো পৌছায় খোদায় * শুনিয়া সে বিবী তারে খোসাল অন্তরে॥ এক খানা খড়গ এক জাল দিল তারে * কহিল এ খড়র্গ জালে হবে তেরা কাম। সাবধানে রাখো এরে সোন নেক নাম * জখন আসিবে দেও উপরে তোমার। ডালিবে এ জাল সেই দেয়ের উপার * কয়েদ হইবে দেও পড়িয়া জালেতে॥ তুলিয়া এ খড়গ তারে মারিবে পশ্চাতে * জালেতে পড়িলে দেও না পাবে খালাছ। কহিনু ভেদের কথা করিয়া প্রকাশ * খাঁড়া জাল দিয়ে তারে খোসাল অন্তরে॥ বিদায় করিয়া দিল পরির সহরে * অধিন মানিক কহে ভাবিয়া খোদায়॥ পয়ার ছাড়িয়া এবে ত্রিপদীতে গায়

* গোল সান জাগাল পরিস্থানে পৌছিবার বয়ান *

* ত্রিপদী * বিবীর নিকটে হইতে; পরিস্থান দেসে জাইতে; সাহা জাদা হইল বিদায়। খোদায় ভাবিয়া দেলে জায় মদ্দ রাহে চলে, এই রূপে সাত রোজ জায় * সাহা বাল দেও জেথা, চৌরাহা উপরে সেথা, সাহা জাদা পৌছিল জাইয়া

সাহা বাল জেথা ছিল, গোলসান সেখানে গেলো, দেখে মন্দ নজর করিয়া * ঘোমেতে বেহোস হইয়ে, সাহা বাল দেও শুয়ে, বিছানা উপরে রহিয়াছে। পরি হেন এক বিবি উত্তম ছুরত ছবি, সাহাবালের ছেরানাতে আছে * গোলসান সেখানে গেল বিবিজে দেখিতে পাইল, মানা করে হাত এশারায় ॥ কোথা হৈতে হেথা এলে, বিপাকে পড়িয়া গেলে, আদম জাত না আশে হেথায় * দেয়ের মোকাম এই, আদমের গোজরান নাই, কেন আইলে মওত লাগিয়া। দেও জাত জদি দেখে, ধরিয়া খাইবে তোকে, শীঘ্রহ জাহ জান বাচাইয়া * বিবি জত মানা করে, গোলশান না সোনে তারে, গেল দেয়ের ছামনে কুদিয়া। হাত উঠাইয়া জোরে, তামাচা মারিল তারে, ওঠে দেও চেতন পাইয়া * ত্রিপদি ছাড়িয়া এবে, পয়ার ছন্দেতে তবে, কহে মানিক ভাবিয়া খোদায়। জাহারে মেহের বান, আপনি সে ছোবহান দেও কিবা করিবে তাহায় *

* সাহাবাল দেয়ের সঙ্গে গোল শান জামালের *
* লড়াই হয় ও শাহাবাল মারা পড়িবার বয়ান *

* পয়ার * গোলশান মারিল চড় দেওকে, জখন কুদিয়ে উঠিল দেও হইয়ে চেতন! নজর করিয়ে দেখে আসিছে আদম। ছামনেতে আছে খাড়া হইয়ে বেগম * দেখিয়ে আদমে খাড়া গোস্বায় জলিল॥ বায় হেন গোলশানের উপরে ছুটিল গোলসান জামাল তবে খোদায় ভাবিয়া। দেয়ের উপরে জাল দিলেক ডালিয়া * জালের বিচেতে দেও কয়েদ হইল। তজ্জন গজ্জন বড়া করিতে লাগিল। ছিড়িতে না পারে জাল করে বড় জোর। জড়া জড়ি কোরে পড়ে জালের ভিতর * গালা গালি দিয়ে দেও গোলশানেরে কয়। মরিবার তরে তুই আসিলি হেথায় * এখনি মারিব তোরে ওরে আদম জাত। জনমের তরে তোরে করিব নিপাত * শুনিয়া গোলশান অতি গোস্বা দেল হইয়া। দেয়ের উপরে মারে খড়্গ উঠাই * এয়ছা জোরে গোল সান তারে

খড়গ মারিল। দুই ফাক হৈয়া দেও জমিনে গিরিল * জখন গিরিল দেও হইয়া দারাজ। পাহাড় গিরিল জেন হইল আওাজ শুনিতে পাইল জত ছিল দেও গন॥ ধাওা ধাই সকলেতে আইল তখন * ধাইয়া আইল তারা গোল সানের কাছে॥ দেখিল আদম জাত খাড়া হইয়া আছে * সাহা বাল দেও কাটা দেখিয়া নয়ানে গর্জ্জিয়া পড়িল দেও গোল সানের পানে * গোল সান তুলিয়া জাল ডালে দেও পরে। বেছমেল্লা বলিয়া খড়র্গ উঠাইয়া মারে॥ দুই ফাক হইয়া দেও জমিনে পড়িয়া। ধড় ফড় কোরে জান জায় নেকলিয়া * এই মোত জত দেও ছামনে আইল॥ গোল সান জামাল সব মারিয়া ডালিল * ছিয়াফাম নামে দেও আইল পরেত গোল সান জামাল তারে ধরিল জালেতে * খড়র্গ উঠাইয়া তারে মারিতে চাহিল॥ জোড় হাত কোরে দেও কহিতে লাগিল * না মারো না মারো মোরে সোন মেহের বান॥ মেহের করিয়ে বাঁচাও আমার পরান * হইব গোলাম তেরা জত কাল জিব। হুকুম বরদার তেরা হামেসা রহিব *ছোলেমান নবির আমি ছওগন্দ করিনু আজ হইতে তেরা আমি গোলাম হইনু * জখন হুকুম জাহ' করিবে আমায়॥ মানিব জে দেল জানে জানিবে নিশ্চয় *এই মত ছেয়াফাম জখন কহিল। গোলসানের দেলে তবে রহম হইল * জাল হইতে তারে তবে লিল নেক লিয়া। খেদমতে রাখিল অতি মেহের করিয়া * শাহাবাল দেও আর জত দেও গণ গোল সানের হাতে মারা পড়িল জখন * দেখিয়ে সে বিবি অতি খোসাল হইল॥ গোলসানেরে সেই বিবী কহিতে লাগিল*মর্দ্দমি করিলে বড়া শোন মেহের বান॥ দুশমুনের হাতে মেরা বাচাইলে জান * হইনু তোমার দাসি জিব জত কাল। খেদমতে রাখহ মোরে হইয়ে খোসাল *

* ধুয়া *

* রাগিনী বিহাগ তাল আড়া ঠেকা *

জদি বা চালেপরান * দাসীকরেরাখ মোরে সোন মেহের বান * তোমার জে দাসি হবো, খেদমতে হাজির রবো, প্রান পনে মোন জোগাব না করিব আন * আমার এ নব জৌবন, কল্লেম তোমায় সমার্পন, হৃদএতে বসাইয়া দিব জৌবন দান * দেখিয়ে তোমার মূখ, পাশরিনু জত দুখ, দিগুন বাড়িল শুখ ঠাণ্ডা হলো প্রান *

* ত্রিপদি *

গোলসান জামাল কয়, কহো দেখি পরিচয়, কেবা তুমি কাহার নন্দিনি ॥ কেমনে দেয়ের সাতে, ছিলে তুমি এখানেতে, শত্ত কোরে বলো দেখি শুনি * শুনিয়ে সে বিবি বলে; আরজ কদম তলে, বটে আমি বাদসার নন্দিনি। দেল সাদ আমার নাম, ফালানা সহরে ধাম, দেও হেথা রেখে ছিল আনি * ধরিয়া সে দেও জোরে, এখানে রাখিল, মোরে, কি করিব চারা কিছু নাই ॥ মাতা পিতা কেমনেতে, আছে তারা কি হালেতে, তাহা কিছু আমি জানি নাই * পড়িয়া দেয়ের হাতে, ছিণু আমি এখানেতে, বহুতি জে পেরেসান অন্তরে। আপনার করমেতে; দেয়ের কয়েদ হইতে, খোদাতালা বাচাইল মোরে * এখন মেহের কোরে, রাখনা খেদমতে মোরে, দাসি হৈয়া আমি সাতে জাব। জে হুকুম করিবে জখন, সোনা মাত্র আমি তখন, দেল জানে তামিল করিব * সোন কহি নামদার, কহ দেখি শমাচার, কি কারনে আসিয়াছ হেথা। আপনি মেহের করে, বয়ান করিয়ে মোরে; কহ জত মোনে আছে বেথা * দেয়ের মুল্লুক এই আদম এখানে নাই, কেমনেতে আইলে হেথায়। এ রাহা কঠীন অতি. না আইসে আদম জাতি, দেও পরি হেথা সদা রয় * গোলসান জামাল বলে, জত কথা তার দেলে, বয়ান করিয়ে সে বিবিরে। নও বাহার বিবির সাতে, মোলাকাত জে রূপেতে, একে ২ কহিল তাহারে * দেল সাদ কহিল তারে, সে নও বাহার তরে; রাখিয়াছে কয়েদ করিয়া ॥ অ বি জ ত

হেথা, মোনে বুঝে সেই কথা, রেখে ছিল চৌকি বসাইয়া * সাহাবাল দেও ছিল, তোমার হাতেতে মৈল, মারা গেল দুশমন তোমার। এখন খোসাল মোনে, জাবে চলে পরিস্থানে; আরজ এক শোন নামদার * করম নজর করো; আমার আরজ ধরো, চলো জাই সহরে আমার॥ মা বাপের কাছে গিয়া, তাহাদের রেজা লিয়া, জাবো আমি সঙ্গেতে তোমার * দেল সাদ সাহাজাদি, এতেক কহিল জদি, হৈল রাজি গোলসান জামাল। দেলশাদ গোলসান আর, হলো দোহে বরাবর, উভয়েতে দেলেতে খোসাল খোদার মেহের জারে; জেথা জায় খুসি তারে, খুসি হালে সর্ব্ব স্থানে রয়। ছাড়িয়া ত্রিপদি ছন্দ, পয়ারে করিব বন্ধ, অধিম মানিক রস গায় *

* গোল সান জামাল দেলশাদ বিবির সঙ্গে *
* জায় ও তাহাকে শাদী করিবার বয়ান *

* পয়ার * গোল সান জামাল জদি খুসি খোসালিতে॥ দেল সাদে লিয়া জায় আপনার সাতে * ছেয়াফামে লইলেক সঙ্গে আপনার। জাইয়া পৌছিল জেথা দেল সাদের ঘর পৌছিল জাইয়া বিবি বাপ বরাবর॥ দেলসাদ আইল দেসে হইল খবর * ছালাম করিয়া বিবি বাপের পায়েতে॥ সকল দুক্কের কথা লাগিল কহিতে * ভাই বেরাদার জত জেখানে জে ছিল। দেলসাদ বিবিকে সবেদেখিতেআইল*দেলসাদ বিবিকে সবে লাগায় গলেতে। খুসির কান্দনা সবে লাগিল কান্দিতে * দেলসাদের মাতা বিবি খুসি হৈয়া মোন। বেটীর মুখেতে কত করেত চুম্বন * পেয়ার করিয়ে তারে কোলে বসাইয়া। পুছিতে লাগিল বিবি আবদিদা হৈয়া * কহিতে লাগিল বিবি মায়ের হুজুরে॥ জে রূপেতে দেও তারে লিয়া ছিল ধোরে * জে রূপেতে রাখে দেও কয়েদ করিয়া। জে রূপে গোলসান জামাল সেখানে জাইয়া * মারিয়া ডালিল দেও জালেতে ধরিয়া। কহিল সকল কথা বয়ান করিয়া * একে২ সব কথা কহিয়াশুনায়। গোলশানের কথা কহি-

লেক বাপ মায় * আমার সঙ্গেতে জেই আইল জওয়ান। দেওকে মারিল সেই সোন আম্মাজান*মেহের করিয়ে এই বাচায় আ মারে নহেকি ছাড়িত মোরে দেও দুরাচারে * কবুল করিনু আমি এই মেহের বানে। দাসি হইয়া রব আমি এহার ছামনে * সাদি বেহা দেহো মেরা সঙ্গেতে এহার। তোমার জনাবে এই আরজ আমার শুনিয়ে বেটীর মুখেতামাম খবর। বেগম কহিল গিয়া বাদসা বরা-বর * শুনিয়া সে বাদসা অতি খোসাল হইল। সাদির আছবাব সব তৈয়ার করিল * সাহা না দস্তুর হয় সাদির জেমন। সকল আছবাব করে তৈয়ার তেমন * তবে এক দিন নেক ছায়েত বুঝিয়া। বসিলেক সাহা আসি মজলেছ করিয়া * নাচ রঙ্গ গিত বাজা হইতে লাগিল। সহর বাজারে কত্ত জলুস হইল * আমির উমরাও সব আসিয়া বসিল। শাদি পড়াইতে সাহা হুকুম করিল বাদসা জাদির সাদি কেবা পড়াইবে। পছন্দ করহসবে মোল্লা কে হইবে *উজির কহিল তবে সোন জাঁহাগির। নছিম উদ্দিন সহর মোল্লা আছেত হাজির * হুকুম করিলে তবে মোল্লা জি আসিয়া বাদসা জাদির সাদি দিবে পড়াইয়া * হুকুম করিল বাদসা মোল্লা জির তরে। মোল্লাজি বসিল গিয়া মহফেল ভিতরে * তবে নেক ছায়েত বুঝে মোল্লাজি তখন। সাদি পড়াইয়া দিল খুসি হইয়া মোন * দেল সাদের সাদি জদি পড়াইল মোল্লা। মজলেছ সমেত সবে কহে আল্লা ২ * সাহা জাদির সাদি জদি মোল্লা পড়াইল ॥ খেলাত বখশেষ কত মোল্লাজি পাইল * ধোন মাল পাইয়ে মোল্লা নেহাল হইয়া ॥ খুসি খোসালিতে গেলো ঘরেতে চলিয়া

পয়ার দেল সাদের সাদি হৈল গোল সানের সাতে। সহর সমেত খুসিহৈল সকলেতে * রঙ্গিন করিয়া আমি সাদির বয়ান॥ নাহি জে লেখিণু তার সোনহে সন্ধান। বাড়াইলে কেচ্ছা তবেপুথিবেড়েজায়।একারনেমোক্তেছেরকরিনুহেতায়*একারনে আমি তবেমোক্তেছার কিয়া। সাহা জাদির সাদির কথা গেনু জে লেখিয়া *খুসি খোসালিতে সাদি হইল দোহার। গোল শান

জামালে লিলো মহল ভিতর* সাত রোজ রহে মর্দ্দ মহল ভিতরে দেল সাদে লইয়া অতি খোসাল খাতেরে * কিন্তু অন্য কাজে নাহি গোল সানের মোন॥ আলাদা বিছানে শুয়ে রহে দুই জন দেল সাদ বিবি কহে শোন নামদার॥ কেননা মতলব তুমি প্ররাও আমার * গোলসান জামাল বলে সোন বিবি জান। ছও গন্দ করেছি আমি দেলেতে নিদান * জত দিন নাহি পাই নও বাহা বিবিরে। দুনিয়ার লজ্জত হারাম আমারে * এতেক শুনিয়া বিবি খামোস হইল। গোলসান জামাল ফের কহিতে লাগিল * নও বাহারের লাগি মোন উচাটন। বিদায় করহে মুঝে জাব পরিস্থান * খোদা জদি ভাল করে আসিব হেথায়॥ খোসা-লিতে বিবি মুঝে দেহনা বিদায় * একথা শুনিয়া বিবি ঘরেতে জাইয়া। এক জাম্বিল এক টুপি দিলেক আনিয়া * কহিল এ টুপি এয়ছা কেরামত ধরে॥ ছেরেতে রাখিলে কেহু দেখিতে না পারে *জাম্বিলের গুন এয়ছা কি কবো তোমায়॥ খাবার ছামানা জত তাতে পাওা জায় * জখন জে ইচ্ছা হয় আপনার দেলে॥ জাম্বিলে ডালিলে হাত তখনি তা মেলে * জাম্বিল আর টুপি বিবি দিয়া জে তাহায়॥ খোসালিতে শাহাজাদি করিল বিদায় বিদায় হইল মর্দ্দ খোসাল দেলেতে। ছেয়াফামে রেখে গেল বিবির খেদমতে * বাদসার হুজুরে ফের হইয়া বিদায়॥ মোল্লা-জির সাতে দেখা করিবারে চায় * মোল্লাজি কারনে এক চোব দার ভেজিল॥ চোবদার জাইয়া তারে ডাকিতে লাগিল * মো-ল্লাজি বাহিরে আসি গোস্বা হইল মোনে॥ কহিতে লাগিলো বাত চোবদারের সোনে*

*মোল্লাজির উক্তি *

* হিন্দি ও বাঙ্গলা মিশ্রিত গান *

মোল্লাজি মোল্লাজি কহকে আমায় কে ডাকিল * সহর মে বদনাম কিয়া লোকের কাছে লজ্জা দিল * ছোড়া হায় হাম মোল্লাকি কাম, কেঙ মেরা কিয়া বদনাম,

ও বাতে শরম মেরা কেন মোল্লা মোল্লা বলো *

* গোলসান জামাল দেল সাদের ও মে াল্লাজির নিকট *

* হইতে বিদায় হইয়া পরিস্থানে জাইবার বয়ান *

* পয়ার * গোল সানের কাছে জদি মোল্লাজি আইল। সাহা জাদা তার কাছে বিদায় হইল * দেলেতে ভরসা করে পাক পরওার ॥ পরির সহরে জায় বান্দিয়া কোমর * সাত রোজ রাত্র দিন জায়নেকলিয়া॥ পরির সহরে মর্দ্দ পৌছিল জাইয়া সহর কোসাদা বড়া দেখিতে শুন্দর। কোটা বালাখানা ঘর আছে বহুতর * লাল হিরা জওাহের পাথর হইতে॥ বানাইয়াছে ঘর সব জত পরি জাতে * জমর্‌দ পাথরে থনি আছে থরে থরে চাহিয়া দেখিলে চক্ষু নাহি আইসে ফিরে * স্থানেং কত বাগ ক-রিছে তৈয়ার। নানা রঙ্গ ফল তাতে দেখিতে বাহার * টুপি ছেরে দিয়ে মর্দ্দ দেখিয়া বেড়ায়। কেহু নাহি দেখে তারে সে দেখে সবায় * দেখিয়ে শহর দেলে খুসি অতিসয়। সহরের বিচে মর্দ্দ ঘুমিয়া বেড়ায় * নও বাহার বিবিকে তালাষে ঘরে ঘরে। গোপন হইয়া মর্দ্দ তালাসিয়া ফেরে * কোন খানে নাহি পায় বিবির সন্ধান। ভাবিতে লাগিল মর্দ্দ হইয়া হয়রান * সহর বিচে-তে আমি জত ঘরে ঘরে। তালাস করিনু কোথা নাপাইনু তারে* না জানি সে নও বাহারে রেখেছে কোথায়। কি করিব কোথা জাব না দেখি উপায় * কোথা রইলে প্রান প্রিয়ে ভুলিয়ে আমারে তোমার লাগিয়ে প্রান ছট ফট করে * এত দুক্ষু কোরে আমি এ খানে আইনু॥ জার লাগি আসি তার দেখানা পাইনু। তবেএ পাপীষ্ঠ জানে আমার কি ফল। তেজিব এজান আমি খাইয়ে গরল * কত বা সহিব আর বিচ্ছেদ বেদনা। সহেনা সহেনা আর মোনের দাহনা *

* গান *

* রাগিনী বেহাগ তাল আড়া *

কত বা শহিব আর বিচ্ছেদ বেদন * তাহারিং আনলে

মোর দহিছে জিবন * কিবা রাত্র কিবা দিনে, জোল্‌তেছি বিচ্ছেদ আনলে, নিভালে নানেভে জলে, জোলেওঠেরে দিগুন * জার লাগি গ্রহ তেগি; আসিয়াছি হই বৈরাগি তার অমিলনে প্রান বাচিবে কেমন * মানিক বলে গোল সান সোন, এত বেস্ত হলে কেন, করো স্বরন নিরাঞ্জন, পাবে তার দরশন *

* ত্রিপদী * ঘরে ২ তালাসিয়ে, নও বাহারে না পাইয়ে; হইল মর্দ্দ বড়া পেরেসান। জার লাগি এত দুখ, না দেখি তাহার মুখ, কেমনেতে বাচিবে পরান * দেলেতে পাইয়া দর্দ্দ, বিসাদ ভাবিয়েমর্দ্দ, সহরেতেঢুড়িয়াবেড়ায়। নাহিপায় কোনখানে, তাল্লাসিয়া স্থানে২, সহরের বাহিরেতে জায় * সেথা একবাগ ছিল; তাহার বিচেতে গেল, দেখে মর্দ্দ করিয়া নজর। বড়া এক তালাব আছে, ঘাট তার বান্দিয়াছে; লাল সাদা দিয়াজে পাথর * মেওা দার গাছ জত, আছে স্থানে স্থানে কত; কতো মেওা ধরিছে তাহায়। ভুকেতে কাত্তর ছিল. তুড়িয়া সে মেওা খাইল; তালাবেতে পানি ফের খায় * টুপি দিয়ে ছের পরে, রহে বসে ঘাট পরে, কেহু তারে দেখিতে না পায় ॥ সে বাগের এক ধারে, রাখিছে সে নও বাহারে; আহার নিদ্রা নাহি তায় * নাহি খায় খানা পানি, কান্দে বিবি রাত্র দিনি, মলিন হইল মুখসসি। চন্দ্র তুল্য রূপ ছিল, সোগেতে শুখাইয়া গেল, মুখে আর নাহি হাসি খুসি * বাহারের সখি গন, সবে হইয়ে এক মোন, কহে গিয়ে বাদসা জাদিরে। সোন২ বিবি জান, করি এক নিবেদন, মোরা সবে তোমার হুজুরে * আমরা সকলে, মিলি, মিনতি করিয়ে বলি; খাও তুমি কিছু খানা পানি॥ অকারনে তুমি কেনে, দিতে আছ দুক্ষু জানে, মিছা কেন হও পেরেসানি * তুমিত জাহার লাগি, হইয়াছ প্রান তেগি, সে এখানে আসিব কেমনে। সেহতো আদম জাত, এখানেতে কি ছুরাত সাসিবেক দেস পরি স্থানে * সখি গন কহে জাহা, বিবি নাহি

সোনে তাহা, কান্দে বিবি হয়ে জার২ ॥ কহে প্রান জায় ভাল, বার ২ কেন বল, প্রান রইতে করব না আহার *

* গান *

* রাগিনি বেহাগ তাল আড়া ঠেকা *

আমার জিবন অসার * এ জিবনে মরন ভাল বেঁচে কি শুসার*বাঁচিয়া আর নাহি শুখ, বড় উপজিল দুখ, দিবা নিসী এ জন্ত্রনা সহেনা আমার * জার লাগি কান্দে প্রান, জদি না হয় তার মিলন, জিবন জৌবন তবে থেকে কি আবার *

* পয়ার * সখি গন নওবাহারে কত বুঝাইল। এয়ার সোগেতে বিবি কান্দিতে লাগিল * কোন মতে নাহি সনে দেখে সখি গণ। বিবীর নিকটে হইতে চলিল তখন * এই রুপে তিন চারি রোজ চলে গেল।এক রোজ সখি সবে তালাবেতে আইল * কলসি লইয়া জল আনি বারে জায় ॥ তালাবের ঘাট পরে গিয়া খাড়া হয় * ঘাট পরে কহা বলা করে সখিগন। দেখ দিদি সাহা জাদির খেয়াল কেমন * আসক হইল বিবি আদমের পরে। তার লাগি খানা পানি সব তেগ করে * হরিদ্রা জিনিয়া রুপ বিবিরআছিল। সোগেতে শুখাইয়েগিয়ে মলিনহইল আসিবে কেমনে আদম পরির সহরে॥ আদমের জোগ্যতা কিবা আইসে হেথা কারে * মিছে সে খেয়ালে খারাব করিতেছে জান নাহি জানি নওবাহার বুঝিল কেমন * চলো দিদি আজ গিয়ে বুঝাই তাহারে। খাওাইতে পারি কিনা নওবাহার বিবিরে * সখি গন সেখানেতে জতেক কহিল। গুপনে থাকিয়া জামাল সকলি শুনিল * দেলেতে হইল বড় খোসাল তখন। খোদা তালা দিল মোরে সন্ধান এখোন * সখি গণ সেথা হইতে জখন চলিল। গোলসান জামাল তার সঙ্গে সঙ্গে গেল * নওবাহার জেই ঘরে কয়েদ আছিল ॥ সখিগন সেই ঘরে জাইয়া পৌছিল * কপাট খুলিয়া জায় ঘরের বিচেতে ॥ গোল সান জামাল তার

গেল সাতে ২ * দেখি নওবাহার তরে খোসাল হইল। তাজ ছেরে দিয়ে মর্দ্দ গোপনে রহিল * সখীগন কহে গিয়ে নওবাহার তরে। আরজ এক করি মোরা তোমার হুজুরে * নাহক খারাব তুমি কেনে করো জান॥ গোছল করিয়ে কিছু খাও বিবি জান * আদম বেওফা জাত তাহার কারন। করিছ খারাব তুমি আপনার মোন * এখানে আদম জাত আসিবে কেমনে। কেমোন,খেয়াল তেরা কেয়ছা বোঝা মোনে * শখি গন জত কহে নও বাহার বিবিরে। কিছু নাহি সোনে কেবল হায় হায় করে॥ প্রানের অধিক ভাল বাসি আমি জায়। তারেকি ভুলিতে পারি তোদের কথায় *

* গান *

ওগো সখি গন,করিয়ে কেমন,ভুলিবারে তারে বলোগো আমায় * শেজে আমার প্রান,জিবনের জিবন ; প্রানের অধিক জানিত তাহায়*সদা জার তরে, দু নয়ান ঝোরে, না দেখিলে তারে, প্রানে বাচা দায় * জায় জাবে প্রান, হবো পারিত্রান, এ বিপদে রক্ষ্যে হইবে আমায় *

* নও বাহারের সহিত গোলসান *
* জামালের পুন মিলন হইবার বয়ান *

* পয়ার * বোঝালে না বোঝে জদি দেখে শখি গন॥ কপাট করিয়ে বন্দ চলিল তখন * গোলসান জামাল রহে ঘরের বিচেতে। গায়েব থাকিয়া মর্দ্দ লাগিল কহিতে * সোন বিবি কহি আমি তোমাকে খবর। জার লাগি কান্দ তুমি সে নহে তোমার*তোমাকে ছাড়িয়াসেহআছে খুসিমন॥ তুমি কেনো কান্দ বিবি তাহার কারন * গাএব থাকিয়া জদি গোলসন কহিল নও বাহার বিবি শুনে চোমকিয়া উঠিল * ঘরের চৌদিগে বিবি দেখিতে লাগিল। কোন খানে কিছু নাহি দেখিতে পাইল * দহসত পাইয়া বিবি লাগিল কহিতে। কোথা হৈতে কেবা কথা কহ মোর সাতে * গায়েবি শুনিয়া কথা মোনে লাগে ভয়। ছামনে

আসিয়ে মেরা দেহ পরিচয় * গোলসান কহিল বিবি বলি জে তোমারে। কিবা পরিচয় দিব তোমার হুজুরে * তোমার বন্ধুর সাতে সাক্ষ্যাত আমার । এ কারনে আসিয়াছি কহিতে খবর * জাহার লাগিয়ে তুমি আছ পেরেসান। তোমার উপরে বিবি তার নাহি জান * তোমাকে ছাড়িয়ে সেই খোসাল খাতেরে। করি য়াছে সাদি এক বাদসা জাদিরে * এই কথা গোলসান জখন কহিল ॥ জার২হইয়ে বিবি কান্দিতে লাগিল*হিরার অঙ্গুরি ছিল বিবির হাতেতে। অঙ্গুরি খুলিল বিবি মুখেতে ডালিতে অঙ্গুরি ডালিতে মুখে এরাদা করিল। গোলসান জামাল হাত ত- খানে ধরিল * ধরিল গোলসান হাত গায়েব থাকিয়া। নওবাহার বিবি তবে ওঠে চমকিয়া * কে তুমি ধরিলে হাত আসিয়ে আ- মার। ছাড়ি দেহ হাত মেরা পাইয়াছি ডর * নও বাহার বিবি জ- খন একথা কহিল । টুপি ওতারিয়া মর্দ্দ ছামনে আইল *গোল- সান জামাল জদি ছামনে দাড়ায়। নও বাহার বি২ দেখে চিনিলেক তায় * দেলেতে হইল বিবি বহুতি খোসাল ॥ মাত্তার সিন্দুক জেনো পাইল কাঙ্গাল *মরার ধড়েতে জেন পৌছিলেক জান। আন্দেলা জনেতে জেন পায় চক্ষু দান * দুই জনে হইল খুসি বহুত দেলেতে ॥ খুসির কান্দনা দোহে লাগিল কান্দিতে *

* গান *

* রাগিনী বেহাগ তাল আড়া ঠেকা *

দুখ আর বলব কি তোমায় * কহিতে না পারি দুখ প্রান ফেটে জায় * তোমা ছাড়া জত দিন, বিরহ আনলে ক্ষিন, জলে প্রান দিন ২, সহা নাহি জায় * কারাগরে বন্ধ থাকি, দুখ বিনে শুখ না দেখি, সদা ঝোরে দুটি আখি, না হেরে তোমায় *প্রানকি আমার ধড়ে রইত, এত দিন বাহির হৈত, তবে জে আছেহে প্রান তোমারি আসায় * বিধাতা সদায় ছিল, যুগল মিলন হইল, জত দুখ দুরে গেল, হেরিয়ে তোমায় *

* ত্রিপদি * নও বাহার বলে প্রান ; কি রু পেতে পরিস্থান , আইলে তুমি কহো সমাচার। দেখিয়ে তোমার মুখ , দুরে গেল জত দুখ , শুখের আর নাহি পারা পার * গোল- সান জামাল তাহে , বয়ান করিয়ে কহে ,শোন বিবি দুক্ষের খবর কহিতে সে সব কথা , মোনে বড় লাগে বেথা , জত দুখ ঘটিল আমার * একে ২ প্রকাসিয়া , কহিল বয়ান কিয়া , জত কিছু ঘটে ছিল তারে । জে রুপে পাগল হইল , ঘর হৈতে নেকলিল, জে রুপেতে পৌছিল পাহাড়ে * বাগান বিচেতে থাকে, জে রুপে স্বপনে দেখে , তথা হইতে আইল জেমন॥ দরিয়া কেনারে গেল , জে রুপে পড়িয়া রইল , একে একে কহিল তখন চক্ষু দান পাখি দেরে, করে ছিল জে প্রকার , পার হইল দরিয়া জেমন । কুকুর জে রুপে তারে, লিয়া গেলনিজ ঘরে, বিবির কাছে রাখিল তখন * জাল খড়গ জে প্রকারে , দিয়া ছিল বিবি তারে জে রুপেতে সেথা হইতে জায় । সাহবাল দেয়ের সাতে , জুদ্ধ হয় জেই মতে,একে একে সকলি শুনায় * সাহাবাল মরে জেয়ছা, বয়ান করিলতেয়ছা,আর জতোমরেদেও জাত॥ ছেয়াফামধরাগেল, জে রুপে গোলাম হইল,কহে মর্দ্দ সব হকিকত * দেল সাদ বিবির সাতে , হয় সাদি জেই মতে , জাম্বিল তাজ দিল জে প্রকার॥ জত কিছু গোজারিল , একে একে শুনাইল, শুনে বিবি খোসাল হাজার* শুখের মিলন হইল, জত দুখ দুরে গেল,রশ বাক্য লাগিল কহিতে। নও বাহার বলে নাথ, সোনহ আমার বাত, প্রান আমার বাচেনা খুদাতে * তোমা ছাড়া জত কাল , নাহি খাই অন্য জল , ভুকে প্রান বাচেনা এখন । সোন প্রান কহি তোরে ; কিছু খাইতে দেহ মোরে , তবে ঠাণ্ডা হয়ত জিবন * গোল সান জা' মালে জদি, কহিল সে সাহাজাদি , শুনে হাত দিল জাম্বিলেতে। জাম্বিলেতে হাত দেয়, নানা উপহার পায় , দিল তাহা বিবিকে খাইতে * খাইবারে পায় জদি , খুসি হালে সাহা জাদি , খাই লেক আছুদা হইয়া । খোসালেতে দুই জনে , বসিলেক একাসনে

শুখ শাগর ওঠে উথলিয়া * করে চুম্ব আলিঙ্গন, দোহে খোসা লিত মোন; দুরে গেল বিচ্ছেদ বেদনা। দুই জনে শুখে থাকে নাহি কেহু অন্য লোকে, দেলে কোন নাহিক ভাবনা *

* গান *

উথলিল শুখ, দুরে গেল দুখ, উভয়েতে হলো জুগল মিলন * আহা মরি২, ধরে কুচ গিরি, মোন শুখে করে চুম্ব আলিঙ্গন *। তাপিত আছিল, সীতল হইল, প্রেম বারি জদি হৈল বরিসন *

* ত্রিপদী * এক রোজ সখি গনে, বিশাদ ভাবিয়া মনে, নওবাহার বিবি কাছে জায়। কপাট খুলিয়া জবে, ঘরেতে চলিল সবে সাহাজাদা মালুম জে পায় * সখি গন জবে আইল, গোলসন দেখিতে পাইল, অমনি তাজ দিল ছের পরে। বিজলি চমক জেন, দেখিল সে সখিগন, পুন আর না দেখে তাহারে * বিজলি জেমন রূপে, চমকিয়া গায়েব আপে, সাহাজাদা হইল তেমন। নূরের রওসনি ছিল, গায়েব হইয়া গেল, দেখে ধন্ধ হয় সখি গন * নও বাহার বেহাল ছিল, খোসাল দেখিতে পাইল, সখি গন হইল খোসাল। কহে বিবি কহি মোরা, আরজ এক পায় তেরা, খাও কিছু করিয়ে গোছল * নও বাহার বিবি শুনে, কহিল জে সখি গনে, খাব কিছু গোছল করিয়া। পরি গন এহা শুনে, তৎক্ষনে জল এনে, দেয় গোছল খোসাল হইয়া * অধিন মানিক কয়, সাদে কি খোসাল হয়; বিনা বন্ধুর মিলন না হলে। ছাড়িয়া ত্রিপদি ছন্দ, পয়ারে করিয়া বন্দ কহি এবে সোনহ সকলে *

* নও বাহারের মায়ের সঙ্গে গোল সান *
* জামালের সাক্ষ্যাত হয় এবং নও বাহার *
* বিবি আপন মায়ের কাছে গোল সান *
* জামালের হাল বয়ান করে তাহার বয়ান *

* পয়ার * সখি গন শুনে সবে হইল খোসাল। জল

এনে নও বাহারে দেলায় গোছল * থাঞ্চা সাজাইয়া খানা আনিয়া তখনে। রাখিলেক সখি গন বিবির ছামনে * নও বাহার কহে তোরা জাহ নিজ স্থানে। পশ্চাতে খাইব আমি সোন সখি গনে এতেক শুনিয়া জায় জত সখি গন॥ দুয়ারে কপাট তারা লাগায় তখন * জখন দেখিল জামাল শখি গন গেল। গোপন হইতে তবে প্রকাশ হইল * দুই জনে এক সাতে রহে খোসা-লিতে। খাইতে লাগিল খানা মিলিয়া দোহেতে * খাইয়া জে খানা পানি খোসাল হইয়া॥ শুইয়া রহিল দোহে আপসে মিলিয়া * সখি গন গেল ফের বিবিকে দেখিতে। কপাট খুলিয়া গেল ঘরের বিচেতে * জখন খুলিল দ্বার জত শখি গন॥ গোল সান জামাল গায়েব হইল তখন * বিজলি চমক হেন পাইল দে খিতে। পলক ফিরাইয়া আর না দেখে চক্ষ্যেতে * নও বাহার বিবিকে জে দেখিল জাইয়া। পালঙ্গ উপরে আছে খুসিতে ব-সিয়া * সখি গন গিয়া কহে বিবির হুজুরে। সত্য করে কহ বিবি আমা সবাকারে * বিজলি চমকে এয়ছা পাইনু দেখিতে॥ গায়েব হইল পুনু পলক মারিতে * কেমন রওসনি সেই কেয়ছা সমা-চার॥ বয়ান করিয়া কহো ওাস্তে আল্লার * বিবি বলে আমি, কিছু দেখিতে নাপাই॥ ভাল মন্দ খোদা জানে আমি জানি নাই ভেদের খবর বিবি কারে না কহিল॥ সখি গন সেথা হইতে নিজ স্থানে গেল * শখি গন কহে তার মায়ের হুজুরে। দেখিয়াছি মোরা আজ নও বাহার বিবিরে * হৈয়া ছিল নওবাহার দেওা নার হাল। ছুরত বদল হইয়ে আছিল বদহাল * শাবেক ছুরত বিবির হয়েছে এখন। পালঙ্গেতে আছে বসি খোসালিত মোন * কিন্তু এক আশ্চায্য দেখিনু চক্ষেতে॥ গায়েব হইয়া গেল দেখিতে২ * পুছিনু তাহার কথা বিবির হুজুরে। কিছু না কহিল বিবি আমা সবাকারে * এ কথা শুনিয়ে বিবি খোসালে অন্তরে। দেখিতে চলিল তবে বেটির খাতেরে * সখি গন গিয়া ঘরের কপাট খুলিল॥ তাজ ছেরে দিয়ে সাহা গায়েব হইল *

নও বাহারের মায় নজর করিল। বিজলির মোত বিবি দেখিতে পাইল * তাজ্জব হইল বিবি ছুরত দেখিয়া ॥ নও বাহারের কাছে বসিল জাইয়া * দেখিয়ে বিবির হাল খোসাল হইল। হাল হকিকত তারে পুছিতে লাগিল * সোন বেটী তুমি মেরা জান বরাবর এক বেটী মাত্র তুমি কেহু নাহি আর * তোমার লাগিয়ে বড়া পেরেসানে ছিনু। কিন্তু আজ দেখে তোমায় খোসালহইণু * এক কথা পুছি আমিতোমার সাক্ষ্যাতে ॥ সত্য করে কহ মাগো আমার কাছেতে * বিজলির মত কিবা পাইনু দেখিতে ॥ গায়েব হইয়ে গেল পলক মারিতে * নও বাহার বলে কিছু আমি নাহি জানি। কেমনে কহিব আমি সোনগো জননি * নও বাহারের মায় বলে দেখিনু নয়ানে ॥ ঝুট কথা কহো কেনো আমার ছামনে * এই রূপে রদ বদল করিতে করিতে। গোল সান জামাল তবে গপন হইতে * আপনা ছেরের তাজ তখনি খুলিল। পুশিদা থাকিয়া মর্দ্দ প্রকাস হইল * শুর্য্য উদায় কালে জেয়ছা রুপ হয়। সেই রুপে সাহাজাদা ছামনে দাড়ায় * দেখিয়া সে রুপ বিবি হারা হৈল হোস। অচেতন হইয়ে গেরে হইয়ে বেহোস * নও বাহার বিবি তারে ধরিয়া তুলিল ॥ আতর গোলাব কত ছিটাইয়া দিল* হোস হইল বিবির বসিল উঠিয়া। গোল সানের পানে বিবি রহিল চাহিয়া * পুছিতে লাগিল তবে নও বাহার তরে কোন জন এই মর্দ্দ কহনা আমারে *

* ধুয়া নও বাহারের মাতার উক্তি *

রূপ দেখি জার এমন * কেবটে কহনা আমায় কাহার নন্দন * জাহার রূপের কাছে, পরিরা লজ্জিত আছে; উদায় হইয়াছে জেন রবির কিরন*কিবা নাকমূখ দেখি, মেৃগের বরন আখি, মহ হয় পরি দেখি, দেখিনা কখন * কিবা জুগল ভূরুর ছান্দ, জেন পাতিয়াছে ফান্দ, অবলার মোন পাখি করেত বন্ধন * চন্দ্র শুর্য্য রূপ জিনি, দেখি এহার রূপ খানি, পির পয়গম্বর কিম্বা

ফেরেস্তা এ জন * দেব দেবতা মনি কিবা, এমন করেছে
সোভা, দেখিয়ে রুপ মোন লোভা, না ফেরে নয়ন *

* পয়ার * নও বাহার বিবি বলে সোন আঙ্কা জান। মোন দিয়ে সোন কহি এহার বয়ান * কাঞ্চন পুরেতে ঘর বাদসার কুমার। বড়া পাহালওান মর্দ্দ জোরে জোরওার * বাগান বানায় এক দেখিতে বাহার। বেহেস্ত সোমান বাগ অতি সোভা কার * এক দিন ফিরিবারে জাইতে আছিণু॥ উড়িয়া জাইতে সেই বাগান দেখিনু * উতরিনু সেই ঘড়ি বাগান ভিতর॥ দেখিয়া বাগান আমি খোসাল অন্তর * কত দুর গিয়ে দেখি এক বালাখানা। বড়ই মাকুল ঘর ঠাট আমিরানা * জাইতে২ গেনু দরওাজা উপরে॥ দেখিনু জাইয়া এই বাদসা জাদারে * দেখিয়া এহার রুপ হইনু খোসাল। তখনি হইল মুঝে আশক খেয়াল * জেই হৈতে দেখে ছিণু ছুরত এহার।, সেই হৈতে দেল মেরা আছে বেকারার * কবুল করেছি আমি এহি জওানেরে॥ দাসি হৈয়ে রবো আমি এহার হুজুরে * এহার আসকে আমি দেওানা হইনু। তোমার হুজুরে সব বয়ান করিনু * কয়েদ করিয়ে তাপে রাখিলে আমায়॥ আমার তালাসে মর্দ্দ আইল হেথায় * বড়া পাহালওাম মর্দ্দ বড়া জোর ধরে। সাহাবাল দেওকে জে আসি য়াছে মেরে * বড়া ওফাদার বটে এই আদম জাদা॥ এহার সঙ্গেতে আমি করিয়াছি ওয়াদা * এহার সঙ্গেতে সাদি দেহ জে আমার। এই আরজ করি আমি হুজুরে তোমার * শুনিয়ে সে বিবি অতি খোসাল হইল। নও বাহার বিবি তরে কহিতে লাগিল সোন কন্যা চিন্তা আর নাহি করো তুমি। বাদসাকে কহিয়া তেরা সাদি দিব আমি * এত বলি সেথা হইতে উঠীয়া চলিল। বাদসার হুজুরে বিবি জাইয়া পৌছিল * জোড় হাত হয়ে বিবি লাগিল কহিতে। এক কথা বলি সাহা আমি হুজুরেতে * খুস্রির খবর এক সোন কহি আমি। মানিক বলে সোন বিবি চুপ থাক তুমি * পয়ার ছাড়িয়া আমি ত্রিপদি ছন্দেতে। বাদসার হুজুরে

কহি দেল খোসালিতে *

* নও বাহার বিবির মাতা গোল সান জামালের *

* কথা ফর্রুখ সাহার কাছে কহে ও কর্রুখ *

* সাহা গোল সান কে হুজুরে আনাই বার বয়ান *

* লঘু ত্রিপদি * সোন নামদার, কহি সমাচার; আশ্চার্য্য দেখিনু জাহা। দেখিনু জেমন' না দেখি কখন, কহি আমি সনো তাহা *. আদম জাতেরে, এমন প্রকারে; দিল্লি রুপ পরওার। দেখে পরি জাত, তাহার ছুরাত, মহ হয় কে বার * পুন্নি মার সসি, ভূতলেতে আসি, উদায় হৈয়াছে জেন। রুপ জে এমন; দেখি না কখন, দেখে ভোলে মনির মোন * নও বাহার বিবি, দেখে তার ছবি, আশক হৈল দেলেতে। সাহা বালের তরে, মারিয়া সে জোরে, আসিয়াছে এখানেতে * রুপ শুনে আর, তার বরাবর; নাহি দেখি ত্রিভুবনে। আমিত জাইয়া, আসিনু দেখিয়া, রুপ তার দু নয়ানে * কাঞ্চন পুরে ঘর, বাদসার কুমার, আসক বিবির পরে॥ নানা দুখ করে, আসে হেথাকারে, উপনিত বিবির ঘরে * জেয়ছা বেটি মোর, উপ জুক্ত বর, মিলাইয়া দিল শাস্ত্রি। সোনহ রাজন; জদি এহি জন হরত মোদের জামাই * হবে কত শুখ' বাড়িবে কৌতুক, শুখের নাই পারা পার॥ ফর্রুখ শুনিয়া, কহে খোস হইয়া, হুজুরেতে জান আমার * নও বাহার বিবিরে, আর আদমেরে, হেথা আনো শীঘ্রহ কোরে। কেমন ছুরত; ধরে আদম জাত, দেখিব আমি নজরে * হুকুম শুনিয়া, পরি গন গিয়া, দুজনে আনে ডাকিয়া। তাজ্জ ছের পরে, বাদসার দরবারে, গোল সান পৌছে আসিয়া * আসিল জখন; পুছিল তখন, কোথায় আদম জাত। নও বাহার বিবি, বুঝিয়া সে খুবি, তোলে টুপি দিয়ে হাত * কিঞ্চিত তু লিল, কিছু প্রকাসিল বিজলি চমকে জেন॥ দেখিয়ে সে রুপ আপনি সে ভুপ, হারাইল নিজ জ্ঞান * কিছু হোস হইল, বিবিকে কহিল, কি দেখি দেখাও পুন্য। রুপ জে এমন; দেখিনা

দেও গণ॥ বণ ডালা লইয়া হাতে, নও বাহর মহফেলেতে আইল বিবী [illegible] কারন * নও বাহার সাহা জাদি, তাকাইয়া দেখে জদি [illegible] গেল মান নাহিক তক্ত পর। [illegible] বিবী অচৈতন, আ[illegible] কান ভাঙ্গিয়া জেন, পড়ে তার ছেরের উপর * মুখে হায় ২ করে জমিনে কাছাড়ে পড়ে, কি করিলে পার [illegible] দেগার। হায় মোরে কি হইল, নছিব ভাঙ্গিয়া গেল' কি করিল দেও দুরাচার * [illegible] দুক্ষেতে জারে, মিলাইলে বিধী মোরে, তারে দেও লিলেক হরিয়া এত সাধ করে জারে, আসি আমি বরি বারে, তারে নাহি পাইনু আনিয়া * হায় বিধি কি করিলে; এত দুক্ষ মোরে দিলে, গেল মোর নছিব ভাঙ্গিয়া॥ গরল খাইয়া জান, তেজিব এখনি প্রান তবে দুক্ষ জাইবে মিটীয়া * এই রূপে জারি করে, স্থির হৈতে নাহি পারে, গড়া গড়ি জায়ত ভুমেতে। আওলায়া মাথার কেশ, হইয়া পাগল বেশ, উচ্চাস্বরে লাগিল কান্দিতে * অভরন বসন ছিল, সকলি ফেকিয়া দিল, মুখে কেবল করে হায় ২। ছাড়িয়া ত্রিপদী ছন্দ, পয়ারে করিব বন্দ', অধিন মানিক রস গায় *

*নও বাহার বিবীকে পুনঃ রায় *

* বন্দ খানায় রাখি বার বয়ান *

* পয়ার পাগলের মোত জদি নও বাহার হৈল। [illegible]মহফেলেছ সমেত সবে হয়রতে পড়িল * ফতেনোশ দেও গিধা দেখিল জখন॥ না বলিল তারে বিবী হৈয়া গোস্বা মোন * বজুত হইয়া গোস্বা দেলে আপনার। তখনি চলিয়া গেল দেশেতে তাহার ফরুখ সাহা তবে নও বাহার বিবীরে। কয়েদ করিল ফেরে বন্দ খানা ঘরে * বন্দ খানা ঘরে বিবী কান্দে জারে জার। এত দুক্ষ দিলে আল্লা নছিবে আমার * দুক্ষেতে ডালিবি জদি ছিল তোর মোনে॥ তবে কেনে মিলাইয়া দিলি দুই জনে * তোমার মহিমা কিছু না পারি বুঝিতে। কারে করো অধো গামি কারে আকাশেতে * অপার সাগরে কার দেহ বাঁচাইয়া। শুখনাতে কারো ভরা দেহো ডুবাইয়া * করিম রহিম নাম আপনি ধরিলে। তবে কেনে

এজনেরে নিদয়া হইলে *

* নও বাহারের হিন্দি গান *

ছক্ত মছিবতমে মায়নে গ্রেপ্তার হুওা এলাহি। কারমেরে মোস্কেলকো আছান * তুঝ বগাএর আওর কোই নাহি হামারি কার মোস্কেলকো আছান * ছক্ত মোস্কেল মে হোঁ আছির খোল মেরে মোস্কেল কি জিঞ্জির, কারমস্কে লকো আছান * দরগামে তেরে কারতা হোঁ ফরিএ্যাদ এলাহিকরমস্কেলকোআছান*তু ছবকাহেয়ছোলতান *

* পয়ার * এই রূপে নও বাহার কান্দে দিবা নিসি সোকেতে মলিন তার হৈল মুখ সশি * ফর্রুখ সাহা বলে উজির নাজিরে। এ বড় কলঙ্ক মেরা হৈল দেশ জুড়ে * পাহাড় জঙ্গল দিয়া শুমুদ্দুর পারে। বাচিয়া আইল জেবা আমার শহরে * বাঘ ভালুক হাতি হৈতে আফতে বাচিয়া। সাহা বাল দেওকে শে আশিল মারিয়া * আমার ঘরেতে জদি এ শে মারা পড়ে। বড়ই বদ নাম মেরা হবে দেশ জুড়ে*ফতেনোস দেও তারে লিয়া গেল হরে॥ উপায় কি করি এখন বলনা আমারে * উজির শকলে বলে সোন আলম পানা॥ তাহার কারনে কিছু না করো ভাবনা এত মছিবতে জেবা আইল বাচিয়া। শাহা বাল দেওকে শে আইল মারিয়া * ফতেনোশ দেও তারে কি করিতে পারে॥ খোদার রহম আছে তাহার উপরে * সাহা বাল দেয়ে জেয়ছা মারিল হুনরে। ফতেনোশে মারিবেক তেমনি প্রকারে * ও খা নেতে ফতেনোশ ঘরেতে জাইয়া॥ গোল সান জামালের তরে ছামনে আনিয়া*দেখিয়া তাহাকে বড় গোস্বা দেল হইল। দেও গমন দুরাচার হুকুম করিল* কয়েদ করিয়ে এরে রাখে ফাটকেতে পাথর চাপাইয়ে দেহো এহার বুকেতে * ভাগিতে না পারে জেন্দ সোনহ খবর। কয়েদ করিয়ে রাখ বন্দ খানা ঘর *

* ফতেনোশ দেও গোল সান *

জামালকেকয়েদরাখিবারবয়ান

পয়ার * ফতেনোশ দেও জদি করিল হুকুম। জান হত দেও তারা করিয়ে মলুম * গোল সানে জামালে তবে ধরিয়া লইল। ফাটিকের বিচে তারে কয়েদ করিল * আমি গোল ওজনের পাথর আনিয়া। গোল সানের ছাতি পরে দিল চাপাইয়া পড়িয়া রহিল মর্দ্দ লাচার হইয়া। দেও গন সেথা হইতে আইল ফিরিয়া * পাথর চাপায় জদি বুকেতে তাহার। কান্দিতে লাগিল মর্দ্দ হৈয়ে জার২ *হায় বিধি কি করিলে নছিবে আমার ॥ কি গুনা করিনু আমি দরগায় তোমার * তাহার কারনে দুখ দিতে আছ মোরে। নাহি জানি কিবা দোস করিনু হুজুরে * খালেক রাজ্জেক তুমি মালেক মোক্তার। রহিম রহমান তুমি পাক পরওার * খলিলেরে বাঁচাইলেআতস হইতে। মুছাকে বাঁচালে আল্লা ফেরাউন হাতে * নুহ নবি তুফানেতে পড়িল জখন ॥ বাচাইলে তারে তুমি পাক ছোবহান*ইউছুফ নবিকে জখন ডালিল কুওাতে। তাহাকে বাঁচালে তুমি আপনা কোদরতে * এয়ছা মুছিবতে সবে লিলে বাঁচাইয়া॥ আমাকে বাঁচাও আল্লা মেহের করিয়া* করিম রহিম নাম আপনি ধরিলে ॥ করম রহম কেনে ভূলিয়া রহিলে * তোমার মহিমা কিছু নাপারি বুঝিতে॥ জাহা খুসি তাহা করো রাজি আছি তাতে*

* গোল সান জামালের খেদের *

* গান রাগিনি বেহাগ তাল আড়া *

হায়রে দারুন বিধি বড়ই নিদয়া তুমি * কারে করো স্বর্গ বাসি কারে কর অধগামি *শুখ আসা কোরে মনে, এসে ছিলাম পরিস্থানে, সে শুখ থাকুক দুরে দুখ সাগরে পড লেম আমি *কি গুনা করিনু আমি, তেকারনে বাম তুমি; পাসান চাপা দিয়ে বুকে করলে আমায় অধ গামি *

*ছেয়াফাম দেও আসিয়া গোল সান *

*জামালকে খালাস করিবার বয়ান *

* ত্রিপদি * পাসান বুকের পরে, কান্দে মর্দ্দ জারে২, কি করিলে পরওার দেগার। আমি কি করিনু দোস। তে-

পরির দেসে দুজনে মিলিয়া *

* গোল সান জামাল দেয়ের লড়াই ফতে *

* করিয়া ফর্রুখ সাহার নিকটে পৌছিবার বয়ান *

* ত্রিপদি * ছেয়া ফামে লইয়া সাতে সাহাজাদা খোসালেতে, জায় মর্দ্দ পরির সহর। ছেয়াফামের কান্দে চড়ে, জায় দেও সন্যে উড়ে, ফর্রুখ সাহের বরাবর * তক্তের উপরে বসে, ফোর খ আছিল খোসে, উজির নাজির গোনে লিয়া ॥ গোল সান জামাল তখন, হইয়া খোসাল মোন, দরবা-রেতে পৌছিল জাইয়া * ফর খ দেখিয়া তায়, বহুতি খোসাল হয়, বসাইল তক্তের উপর। বহুতি তারিফ করে, জিজ্ঞাসিল ফের তারে, কহ বাবা কেয়ছা সমাচার * জত কিছু গোজারিল একে ২ শুনাইল; সাহাজাদা করিয়া বয়ান ॥ গোল সানের কথা শুনে, বাদসা খোসাল মোনে, পরি গনে করিল ফরমান * খানা পানি মেওা জাত, এনে দেহ ভাঁতে ভাঁত, সাহাজাদায় খাইবার তরে। বাদসার হুকুম শুনে, খাবার ছামান এনে; দিল সবে গোলসান হুজুরে * নওবাহার ছিল জেথা, সখি গন গিয়ে সেথা কহে হাল বয়ান করিয়া ॥ সোন সোন সাহাজাদি, কহি মোবা রক বাদি, পৌছিল জে আদম আসিয়া * ফতেনোস দেওয়ে [illegible]হর, পৌছিয়াছে হেথা কারে, সোন বিবি খুসির খবর। গোল[illegible] কথা জদি, শুনিল সে সাহাজাদি, হৈল খুসি হাজারে[illegible]র * অধিন মানিক বলে, এলাহি সহায় রৈলে, কোন মতে [illegible] দুক্ষু তার। ত্রিপদি ছাড়িয়ে এবে, পয়ারেতে কহি তবে [illegible]হাজাদির সাদির আখবার *

* নও বাহার বিবির সাদির জলুসের বয়ান *

* পয়ার * নওবাহার সোনে জদি গোলসান আইল। খবর শুনিয় অতি খোসাল হইল * বদ হালে ছিল বিবীথাকি বন্দ ঘরে তন দরস্ত হইয়া বিবি আইল বাহিরে * ফর্রুখ সাহা তবে কহিল গোল সনে। খোদা চাহে দিব সাদি সাহাজাদির সনে * এত বলি

ফর্রখসাহা খোসালহইয়া। অন্দরেখবরতবেদিলপাটাইয়া * উজির নাজির গোনে করিল ফরমান ॥ শাদির তৈয়ার করো জতেক ছামান * উজির নাজির হুকুম শুনিয়া বাদসার। সাদির আছবাব জত করিল তৈয়ার * তাম্বু কানাত খাড়া করে সত সত । নাচ রঙ্গ তার বিচে হয় নানা মত * সহর বাজারে,আর জত ঘরে ২ করিল রওসনি খুব জলুস তৈয়ার * সাত রোজ রাত্র দিন সহর বিচেতে ॥ করিল জলুস খুব তামাসা দেখিতে * জতেক হইল খুবি বিবির সাদিতে । বয়ান করিয়া তাহা কি কবো সভাতে * একেত পরির জাত মালের ছরদার ॥ তাহাতে বাদসার বেটী কমি কিবা তার * জলুস হইতে তাতে পারে কিনা পারে। খেয়াল করিয়া বোঝ আপনা অন্তরে * বয়ান করিয়া আমি কি কহিব কায়। বেসি কথা লিখিলে জে পুথি বেড়েজায় * মাঝে মাঝে কিছু ২ করিব বয়ান । বুঝিতে পারিবে তবেসকল সন্ধান * তবে এক দিন বুঝে তারিখ করিল। উজির সবাকে সাহা কহিতে লাগিল * জলুস তৈয়ার খুব করনা জাইয়া ॥ সাহা জাদির সাদি আজি দিব পড়াইয়া * বাদসার হুকুম শুনে মিলিয়া সবেতে ॥ জলুস তৈয়ার করে দেওান খানাতে * জর দুজি কত সত ফরস আনিয়া। দিওান খানার বিচে দিল বিছাইয়া * লাল জওাহের কত টাকা আছে তায়। ঝক মক করে চক্ষু ঠাহরা না জায় * দেওাল গির ফানুস কত বেলওারির ঝাড়। লাগাইল চৌদিগেতে বিবিধ প্রকার * হিরা জওাহের কত অমুল্য পাথর ঝাড়ের চৌদ্দিগে গাথা তাতে বেশুমার* হিরার তবক চারি দিগে লটকাইল । তাহার জোতেতে ঘর উজ্জালা হইল * আমির উমরাও লিয়া বাদসা নামদার। আরকান দৌলত সমেত হইয়া তৈয়ার * মজলেছ করিয়া সাহা আপনি বসিল । নাচ রঙ্গ গিত বাজা হইতে লাগিল * সাহানা পোসাগ জেয়ছা পরি গনের ছিল গোল সানে পেন্দাইয়া তাহা মহফলে আনিল * একেত গোল সান ছিল রুপের সাগর । লেবাছ পোসাগে হইল চান্দ বরাবর

মহফেলের পরি জত গোল সানে দেখিয়া । চাহিয়া রহিল তারা হোস হারাইয়া * অধিন মানিক কহে খুসি খোসালিতে ॥ পয়ার ছাড়িয়া লিখি ত্রিপদি ছন্দেতে *

* লঘু ত্রিপদি *

...দ হইল, সকলে আইল, নাচ রঙ্গ হয় কত। নাটুয়া গাওাইয়া সকলে আসিয়া, নাচে গায় নানা মত * খেম্‌টা ওলি বাই, নাচেত সবাই, কবুতর লোটে জে মত॥ কখন জমিতে, কখন সন্যেতে, নাচে গায় পরি জাত * কেহু নাচে গায়, কেহুত বাজায় সবে রঙ্গ করে কত। ছেতারা বেহালা, ঢোলক তবলা, নানা রাগে বাজে সত * ছারেঙ্গ মৃদঙ্গ, বাজে নানা রঙ্গ, শুনে সবে ...হ হয়। নৃত গিত শুনে, সবে খুসি মোনে, এনাম বখসিস দেয় *

* নও বাহারের ছেঙ্গারের বয়ান *

* ত্রিপদী সখি গন জতো ছিল, সাহাজাদির কাছে গেল' নানা রুপে বিবিকে সাজায়। উপটন দিলেক গায়, মার্জ্জন করিয়ে তায়, গোলাবেতে গোছল দেলায় * কিম খাবের ইজারেতে, সাটীনের পেসওাজেতে, মতির ঝালর চারি ওারে। হিরা জওাহের কতো, অমুল্য পাথর জতো, গাথা তাতে কতো থরে থরে * আবরওা চাদর গায়, ছোনে হারি পাট্টা তায়' সোনা ...তে কাম কতো॥ বুলাক কানেতে বালা, গলেতে পাচনরি মালা, হিরায় জড়িত নানা মতো * নাকেতে দিলেক নত; কি কবো তাহার বাত, সিতা পাটী সিতার উপর॥ হাতে বাজু পৌছে তাড়, পাঁচ দানা বড়েলা আর, কঙ্কন চুর সকলি সোনার * জও-হেরাত জড়াও ছিল, কিবা সোভা তাতে হইল, কোমরেতে দিল চন্দ্র হার। পায়েতে নেপুর সাজে, চলনে ঝন ঝন বাজে, পায় জুতা তবক হিরার * চক্ষেতে কাজল মিসি, জেন চন্দ্র ভুমে আসি, উদয় হইল ঘর মাঝে। লেবাছ জিওরে আর, হৈল রুপ চমৎকার, বেহেস্তের হুর হেন সাজে * নও বাহারে সাজাইল, বাদসাকে খবর দিল, কহে সাহা মহফেলে আনিতে। ছাড়িয়া

ত্রিপদি ছন্দ;পয়ারে করিজে বন্দ, কহে মানিক দেল খোসালিতে
* নও বাহারের সাদি পড়াইবার বয়ান *

* পয়ার * সাজাইয়া নও বাহারে জত সখি গন বন্ন ডালা লইয়া হাতে চলিল তখন * মহফেল আরাস্তা খুব ছিল জেখানেতে॥ নও বাহারে লিয়া গেল গোল সানে বরিতে * নও বাহার বিবী জদি মহফেলেতে গেল। মহফেল সমেত সবে উঠে খাড়া হইল * নও বাহার বিবিকে লিয়া সখি গনে বন্ন ডালা লিয়া হাতে খোসালিত মোনে * গোল সান জামালে বিবি বরিতে লাগিল॥ গোল সান জামাল দেখে খোসাল হইল * নও বাহার তুলে মালা খোসালিত দেলে। আপনার হাতে দিল গোল সানের গলে * নও বাহার মালা জদি গোল সানেরে দিল। মহ-ফেল সমেত সাহা খোসাল হইল * নও বাহারে বসাইল গোল সানের বাঁয়। মোল্লাজি আসিয়ে তবে সাদি জে পড়ায় * বাদসা জাদির সাদি হইল জখন। বহুত নেছার দিল জত পরি গন * হিরা মতি জওাহের অমূল্য পাথর। পরিগোনে দিলকতো সোনার মহর * দূলা দোলাহিনে তবে জত পরি গন॥ মহলে লইয়া গেল খোসালিত মোন * জানানা রছম পরির জে রুপে আছিল পরি গন মহলেতে সকলি করিল * তার পরে পরি সবে গেল জে চলিয়া। গোল সান রহিল ঘরে খোসাল হইয়া * যুগল মিলন জদি হইল দোহার॥ মৃত্য দেহে জান জেন আইল দোহার * গোল সান জামাল বলে নও বাহার বিবিরে। সাক্ষ্যাত জে হবে আর না ছিল অন্তরে * বিধাতা শদয় ছিল মিলন হইল॥ জত দুখ গেল দুরে শুখ উপজিল *

* গোল সান জামাল নও বাহার বিবিকে *
* হিন্দী জবানে আপনা দুক্কের হাল কহে *

কেয়া মছিবতছে তুঝে দিয়া মুঝে পরওার দেগার *
কাহনে ছে উহ মাজেরা দেল হোবে বেকারার * দিয়া
পাথ্যার ছিনা উপার; ওছ গামছে দেল থা বেকারার,

দেলে নালাঁ চশম গিরএ্রা রোয়া জারে জার * না
থা ওক্কেদ দেলমে মেরে, ফের মোলাকাত হোগা
তেরে,তুঝ বেগয়ের দেল ফাট জাতাথা চশমথা খুঁবার*

* পয়ার * এইমোত কহা বলা কোরে দুই জন।
শুখেতে কাঠায় নিসি খোসালিত মোন * খুসি খোসালিতে
থাকে বিবির সঙ্গেতে। কিবা দিবা কি দিসি থাকে হরসিতে
দুই তিন মাশ এয়ছা গোজারিয়া গেল। মা বাপের কথা তার
মোনেতে হইল*নও বাহার কহে তবে সোন প্রানেশ্বরি॥ আপনার
দেসে আমি জেতে ইচ্ছা করি * মা বাপের খেদমত
লাজেম আমায়। দেল খোসালিতে মুঝে দেহনা বিদায় একথা
শুনিয়া বিবি বাদসাকে জাইয়া। কহিল সকল কথা বয়ান করিয়া
আলম পানা ছালামত কহি হুজুরেতে। তোমার দামাদ চাহে
দেসেতে জাইতে * কহিনু তোমার কাছে করিয়া বয়ান। উচিত
জে হয় তাহা কহ বাবা জান *

* গোল সান জামাল নও বাহার বিবিকে সঙ্গে *
* লিয়া আপনার দেসে জায় তাহার বয়ান *

* পয়ার * ফর্রুখ সাহা জদি একথা শুনিল।
গোল সান জামালে তবে বোলাইয়া লিল॥ কহিতেলাগিল বাদসা
গোল সানের তরে॥ আমাকে ছাড়িয়া তুমি চাহ জাইবারে *
তোমাকে ছাড়িয়া মোরা রহিব কেমন॥ তোমার কারনে রবে
মোন উচা টন * শুনিয়ে গোল সান তবে কহিতে লাগিল॥ বৃদ্ধ
মাতা পিতা ঘরে না জানি কি হইল * মা বাপের খেদমত
লাজেম আমায়। খোসাল খাতেরে মুঝে দেহনা বিদায় * ফর্রুখ
সাহা জদি এমন সুনিল। উজির নাজির তরে বোলাইয়া লিল *
লাল জাওাহের কত অমূল্য পাথর। হিরা মতি কত আর সোনার
মহর * বে বাহা দৌলাত সব খাঞ্চায় পুরিয়া। ভারি ২ কিমতের
কাপড় আনিয়া * দামাদে জৌতুক দিল খুসি খোসালিতে। দশ
বিশ পরি আর দিলেক সঙ্গেতে * নও বাহার বিবি তরে দিলেক

শুপিয়া। খোসালে দেলেক সাহা বিদায় করিয়া * নও বাহার বিবি আর গোল সান জামাল॥ ছালাম তছলিম করে হইয়া খোসাল * কুরছির উপরে দোহে ছওার হইল। পরি গন লিয়া কান্দে উড়িয়া চলিল * ছেয়াফাম দেও শাতে চলিল উড়িয়া। এক সহরতে সবে পৌছিল জাইয়া *

* ছোমছাম সাহার বেটির উপর ছেয়াফাম দেও *
* আসক হয় ও তাহাকে লইয়া জাইবার বয়ান *

* পয়ার ছোমছাম নামে বাদসা সেই সহরেতে হাছিন এক বেটী ছিল তাহার ঘরেতে * দেলারা নামেতে বিবি বড়ই শুন্দরি। কি কব তাহার রুপ জেন বিদ্য ধরি * ছেয়াফাম তার রুপ দেখিয়ে নজরে। আসক হইল দেও তাহার উপরে গোল সানের কাছে কহে করিয়ে বয়ান। বাদসার বেটিকে দেখে বাচেনা পরান * সাদি দেলাইয়া দেহ তাহার সঙ্গেতে। আমার আরজ এই তোমার খেদমতে * গোল সান জামাল তার মতলব বুঝিয়া। পয়গাম ভেজিয়া দিল সাদির লাগিয়া * শুনিয়া সে বাদসা কহে দেয়ের সঙ্গেতে॥ মানুসের সাদি আমি দিব কি রুপেতে॰ একথা শুনিয়া কাছেদ ফিরিয়া আইল। গোল সানের কাছে এসে কহিতে লাগিল * ছেয়াফাম শুনে তাহা না উ- ম্মেদ হইয়া। আপনি রহিল দেও ছের নওাইয়া * গোল সা[illegible] জামাল তার মতলব বুঝিয়া। ছেতার লইয়া হাতে চলিল উ[illegible] কহিতে লাগিল তবে ছেয়াফাম তরে। নাচ বাজা করি গি[illegible] বাদসার দরবারে * বেহোস হইবে জবে গজল শুনিয়া। দেলারা বিবির তরে আনিবে তুলিয়া * এত বলি গেলো দোন বাদসার দরবারে॥ খবর পাইয়ে সাহা বোলায় হুজুরে * গানে ওালা আইল জদি মসহুর হইল। শুনিয়ে তামাম লোক দেখিতে আইল ছেতার লইয়া হাতে বাজায় তখন। অতি শু মধুর সূরে আর- ম্ভিল গান * করিতে লাগিল গান আওাজ করিয়া॥ মহ হইল সক- লেতে সে গান শুনিয়া * ছেতারের বাজা আর গায়েনের তান

শুনিয়া সকল লোক হারাইল জ্ঞান * ছেয়াফাম দেখে সবে হোস হারা হইল। দেলারা বিবির তরে উঠাইয়া লিল * বিবিকে লইল জদি গোল সান দেখিয়া । সেখান থাকিয়া মন্দ চলিলো উঠিয়া * পরি গন কুরছি লিল কান্দের উপরে। ছেয়াফাম লিলো কান্দে দেলারা বিবিরে * উড়িয়া চলিল সবে হাওার উপর। জাইয়া পৌছিল জেথা দেল সাদের ঘর * দেখিয়া দেল শাদ বিবি খোসাল হইল। নওবাহার বিবিকে জে আগু বাড়াইল * হাল হকিকত বিবি গোল সানে পুছিল। বয়ান করিয়াসব বিবিকে কহিল * দেল সাদের বাপ শুনে খোসাল অন্তরে । মেহমানি করিয়া খানা খেলায় সবারে * এক রোজ সেখানেতে রহে ওত-রিয়া । দেল সাদ বিবিকে জে সঙ্গেতে লইয়া * খুসি খোসা-লিতে সবে হইল বিদায় । সেখান থাকিয়া মেকলিয়া তবে জায় কুফুর বাদসার দেসে জাইয়া পৌছিল ! দেখিয়া তাহার বিব খোসাল হইল * মেহমানি করিয়া খানা সবাকে খেলায় ॥ খুসি খোসালিতে সবে খানা পানি খায় * সেখান থাকিয়া ফের রওানা হইল। কাঞ্চন পুরের দেসে জাইয়া পৌছিল * গোলসানর বাপ তার খবর পাইয়া। বড়ই খোসাল সাহা দেলেতে হইয়া * খোদার দরগায় কত সোকর ভেজিল॥ মার্ত্তার সিন্দুক জেন কাঙ্গালে পাইল * আগু বাড়াইল সাহা খোসাল খাতেরে। বহু বেটায় লিয়া গেল আপনার ঘরে * গোল সানের মায় বিবি দেখিয়া ছাওাল॥ দেলেতে হইল বিবি বহুত খোসাল * খুসির কান্দনাসবে লাগিলকান্দিতে। বহুদিগে দেখে খুসিহইলদেলেতে সাহাজাদা আইল দেসে শুনে সকলেতে । সহরের লোক সবে আইল দেখিতে * নওবাহার ও দেল সাদে সকলে দেখিয়া। আপন আপন ঘরে চলিল ফিরিয়া * দুই বহু দেখে খুসি হইয়া অন্তরে॥ দিগুন বাড়িল সুখ বেগম ও বাদসারে * ছেয়াফামে গোল সান ডাকেয়া হুজুরে। জাইতে কহিল তারে আপনা সহরে * দেলারাকে লিয়া ছেয়াফাম জবে জায়॥ গোল সানের

তরে দেও হাত জুড়ে কয় * রোখছত হইয়া জাই দেশে আপনার ভুলিতে নারিব আমি এহছান তোমার * আমাকে রাখিবে সাহা সদাই দেলেতে। দরকার হইলে আমি পৌছিব খেদমতে * এতেক কহিয়া দেও ছালাম করিয়া। দেলারা বিবিকে নিলো কান্দে ওঠাইয়া * সন্ন্য ভরে উড়ে চলে হাওার উপরে। পাঁচ দিনে পৌছে গিয়া আপনা সহরে * গোল সান জামাল দুই বিবিকে লইয়া। আপনার ঘরে রহে খোসাল হইয়া * দুই বিবি লিয়া জামাল রহিল ঘরেতে॥ বড়ই আরামে থাকে দেল খোসালিতে * এই রুপে কত দিন গোজারিয়া গেল॥ তৈমুছ সাহার পরে আফত পৌছিল' * কায়ান সহরে বাদসা ফেরদৌছ নামেতে। আদাওাতি ছিল তার তৈমুছের সাতে * বহুত লস্কর সেই লইয়া সঙ্গেতে। কাঞ্চন পুরেতে আইল লড়াই করিতে * সোনহ শুজন সবে কহিজে সবায়॥ লড়াই হইল শুরু দেখো কিবা হয় *

* ফেরদৌছ সাহা কায়ান সহর হৈতে লস্কর লইয়া *

* কাঞ্চন পুরে লড়িতে আইসে তাহার বয়ান *

* পয়ার * কায়ান সহরে বাদসা ফেরদৌছ নামেতে বহুত লস্কর সেই লইয়া সঙ্গেতে * কাঞ্চন পুরেতে জায় করিতে লড়াই। তাহার বয়ান কহি সোন সবে ভাই * এক লাখ ত্রিশ হাজার ঘোড়ার ছওার॥ সব জেরাপোশ আর বড়া জোরওার * পচিশ হাজার হাতি লিল ফাসি দার। পায় দল জতেক লোক কে করে সমার * দশ হাজার তিরন্দাজ সঙ্গেতে লইয়া। কাঞ্চন পুরেতে জায় রওানা হইয়া * আগে চলে ঝাণ্ডা আর পিছেতে লস্কর। আপনি চলিল বাদসা হইয়া তৈয়ার * হাতি ঘোড়া গাড়ি উট জায় বে সমার॥ কে করে সমার তার নাহিক সমার * কাঞ্চন পুরেতে সবে রওানা হইল। গর্দ্দ উড়াইয়া রাহে লস্কর চলিল * মঞ্জেল ২ রাহা জায় নেকলিয়া। কাঞ্চন পুরেতে সবে পৌছিল আসিয়া * চারি ক্রোশ বাকি রইতে তৈমুছের গড়। করিলেক ডেরা

খাড়া মএদান উপর*কোসাদা ময়দানজদিলস্কর পাইল। ঝাণ্ডা ও নিসান সবে সেখানে গাড়িল*তাম্বু ও কানাত খাড়া করে স্থানে২ কেলাবন্দি করিলেক সেই জে ময়দানে॥ খোসালিতেখানা পানি পাকাইয়া খায়। বাদসার কাছেদ এক পৌছিল সেথায় * অনেক লস্কর দেখে ময়দান উপর॥ কাছেদ আইল তার জানিতে খবর ছালাম করিয়া কহে জুড়ি দুই হাত॥ আলম পানা ছালামত সোন মেরা বাত*কাহার লস্কর এই কোন দেসে ঘর॥ এখানেতে আসিয়াছে কিসের খাতের * বোঝাইয়া কহো মোরে সনো নামদার। বুঝিতে পারিব জদি পাই সমাচার * শুনিয়া আপনি সাহা কহিল তাহারে॥ জাইয়া খবর দেহ তৈমুছ সাহেরে * আপনা ভালাই জদি আপনি সে চায়॥ কাপড় গলায় বেন্দে আসুক হেথায় * নহেত সহরে আমি জাইয়া তাহার। গারত করিয়া দিব মারিয়া তলওার*পয়জার মারিয়া তার উড়াবগর্দ্দান ভাঙ্গিব। দেমাগ তার টুটাইবমান*ফেরদৌছ নামেতে বাদসা কায়ানেতে ঘর। তাহার লস্কর এই জানিবে খবর * এতেক শুনিয়ে কাছেদ রওানা হইয়া। তৈমুছের কাছে তবে পৌছিল জাইয়া * ছালাম করিয়ে কহে বাদসার হুজুরে। ছাতি পরে হাত দিয়ে কহে ধিরে২ আলম পানা ছালামত কহি হুজুরেতে। কায়ান সহরের বাদসা ফেরদৌছ নামেতে * বহুত লস্কর সেই লইয়া সঙ্গেতে॥ তোমার শহিত আইল লড়াই করিতে * আপনা ভালাই জদি চাহ নামদার। মোকাবেলা করো গিয়ে সঙ্গেতে তাহার* এতেক বলিয়া কাছেদ বিদায় হইল॥ শুনিয়ে তৈমুছ সাহা ভাবিতে লাগিল * উজির সবাকে বাদসা লিল বোলাইয়া। সবাকার তরে কহে বয়ান করিয়া * দুশমন আমার পরে আসিয়া পৌছিল॥ কি করি তদবির এবে বুজাইয়া বলো * তোমরা গাফেল সবে বসিয়াছ ঘরে ॥ ছেপাহি লইয়া জাও লড়িবার তরে * বোরহান নামেতে এক উজির আছিল। হুকুম মাফিক সেই লস্করেতে গেল লস্করের বিচে জত ছিল নামদার। সবাকারে শুনাইল হুকুম বাদসার

শুনিয়ে হুকুম জত ছেপাই ছরদারে॥ তৈয়ার হইল সবে মহিম খাতিরে * দুই লাখ আশি হাজার বাদসার লস্কর। কোমরবান্দিয়া সবে হইল তৈয়ার * এক লাখ ছিল তাত্তে ঘোড়ার ছওার। ত্রিশ হাজার হাতি ছিল ফাসি দার * তিরান্দাজ জত লোক কি কহিব কারে। সাজিয়ে চলিল সবে লড়াই খাতিরে *জতেক লস্কর ছিলমহিমেচলিলো। এনামসবাকে দিয়াখোসাল করিলো * বোর-হান উজির তরে করিয়ে ছরদার। রওানাকরিয়েদিল জঙ্গকরিবার *

* বোরহান উজির লস্কর লইয়া ফেরদৌছ *

* সাহার সঙ্গে লড়াই করিতে জাইবার বয়ান *

* পয়ার * বাদসার লস্কর সবে কোমর বান্দিয়া॥ ময়দান উপরে গেল রওানা হইয়া * ঘোড়া কোদাইয়া সবে চলিল ময়দানে। ঘোড়ার পায়ের ধুল পৌছিল গগনে * ঘোড়ার হিন হিন আর লস্করের সোরে। কেয়ামত হৈল জেনো সহর মাঝারে * জাইয়া পৌছিল সবেময়দান উপর॥ ফেরদৌছেরলোকসবে হইল তৈয়ার*দুই দলে মোকাবেলা হইল জখন। লস্করেতে ভরে গেল তামাম ময়দান*রনসিঙ্গা বাজেকতভেউর ভুরঙ্গ । শুনিয়েছেপাই গনের বেড়ে গেলো রঙ্গ * ঘোড়া কোদাইতে সবে লাগিল ময়-দানে। কানে তালা লাগে শুনে ঘোড়ার হিন হিনে * ফেরদৌছি লস্কর হৈতে নামেতে আজগার। বড়া পাহালওান মর্দ্দ বড়া জোর-ওার * ফেরদৌছের পায় সেহ ছালাম করিয়া। ময়দান উপরে আইল ঘোড়া কোদাইয়া * হাঁকিতে লাগিল মর্দ্দ ময়দানে আ-সিয়া॥ কে আসিবে লড়ি বারে আইসনা চলিয়া * তাগিদ চলিয়া কেন আইসনা ময়দানে॥ হরিফ তোমার খাড়া দেরি করো কেনে বোরহানের দিগে হইতে নামেতে আলফার॥ মহিম ময়দানে আইল ঘোড়ায় ছওার *আজগার হাকিয়ে তবে লাগিল কহিতে কেমনে লড়িতে আইলি আমার সঙ্গেতে * ছাগলের মোত আমি দেখি জে তোমারে। এখনি পাঠাইয়ে তোরে দিব জোম ঘরে * আলফার শুনিয়া কহে গোস্বা দেল হইয়া। বাঘের চঙ্গলে আজি

ঠেকেছ আসিয়া * গিধড়ের মোত আমি দেখি জে তোমারে। কেমনে লড়িবি তুই আমার হুজুরে * এ কথায় আজগার গোস্বা দেল হৈয়া। আলফারের পরে মারে গর্জ্জ উঠাইয়া * আল-ফার লইল চোট ঢালের উপর। ঢালেতে লাগিয়ে গুর্জ্জ গেরে জমি পর * নিজ গুর্জ্জ উঠাইয়া আলফার মারিল। আজগার ঢা-লেতে তাহা রদ কোরে দিল * আজগার পাহালওান তবে তেগ নেকলিয়া। আলফারের পরে মারে জোরেতে খেচিয়া * আলফার দিল ঢাল ছেরের উপর ॥ রদ হইয়ে গেল জে আজগারের তলওার এই রুপে তেগ বাজি করে দুই জন। কেহু কারে নাহি পারে দোঁহে সমান * আজগার পাহালওান হুসিয়ার ছিল ॥ বাঁয় দেখাইয়ে হাত ডাহিনে মারিল * এয়ছা জোরে তেগ মারে আল-ফারের ছেরে ॥ ঢাল সহিত দুই ফাক কাটীলেক তারে * আল ফার ছরদার মারা জখন পড়িল ॥ দুছরা পাহলওান ফের লড়িতে আইল * লড়িল সে ঘড়ি দুই আজগারের সাতে ॥ আখেরে পড়িল মারা আজগারের হাতে * তবে একে২ জত লড়িতে আইল। আজগারের কাছে আসি ফিরে নাহি গেল * চাল্লিশ ছরদার মারে আজগার জওান। দেখিয়া হয়রান হইল উজির বোরহান * দিবা অবসান হৈল নিয়া সাম কালে। বাহুড়ি নাকারা তবে বাজে দুই দলে * জার জেই দলে সেই ফিরিয়া আইল ॥ আজগার ফেরদৌ-ছের পায় ছালাম করিল * ফেরদৌছ সাহা অতি খোসাল অন্তরে এনাম বক্সিস দিল আজগার ছরদারে * এনাম বখসিস পাইয়া আজগার তখন। খোসালিতে গেল চলে খিমাতে আপন * খানা পানি খাইয়ে তবে রহে খুসি মোন। নিসি পোহাইয়া দিন হইল জখন * ধুধু নাকারা তবে বাজিতে লাগিল। শুনিয়া ছেফাই সবে কোমর বান্দিল * ঘোড়ায় চড়িয়া গেল ময়দান উপর ॥ দুই দলে লস্করের হৈল নমূদার * বোরহানের লস্কর হৈতে নামেতে খাকান। ঘোড়ায় ছওার হইয়া গেল সে ময়দান * হাঁকিতে লাগিল অতি করে জোর সোর ॥ শুনিয়ে আজগার আইল ময়দান

উপর * খাকান মারিল তেগ আজগারের পরে॥ আজগার করিল রদ চাল দিয়ে ছেরে * আজগার মারিল গুর্জ্জ ঘুমাইয়া জোরে। কোমরে লাগিয়ে তার গেরে জমি পরে * এয়ছা জোরে গুর্জ্জ লিয়া মারে পাহালওান। গোর্জ্জের ধোমকে তার নেকলিল জান আর এক পাহালওান আইল লড়িতে॥ সেহবি পড়িল মারা আজ-গারের হাতে * এই রুপে জত জন লড়িতে আইল। আজগারের কাছে এসে ফিরে নাহি গেল *;দেখিয়ে বোরহান উজির গোস্বায় জলিয়া। লস্কর সবায় মর্দ্দ কহিল হাকিয়া * একেলা আসিয়া এত মারিল ছরদার। কেহুনা পারিলি তোরা সঙ্গেতে ওহার*একেলা২ লড়ে ফতে নাহি হবে। কালি এক সাতে হইয়ে লড়ো গিয়ে সবে * তবে বাজ গস্তি তবুল বাজিতে লাগিল। জার জেই দলে সেই ফিরিয়া আইল * খানা পানি পাকাইয়া খায় সকলেতে খোসাল খাতেরে রহে খিমার বিচেতে * অধিন মানিক কহে ভরসা ছোবহান। পয়ার ছাড়িয়া করি ত্রিপদী বয়ান *

*ত্রিপদী নিসী হৈলো অবসান, ওঠে জত পাহা-লওান;কোমর বান্দিল জনে২॥ ধূধু নাকারা বাজে,জতেক ছেপাই সাজে, জাইতে জে মহিম ময়দানে * দুই দলে আছওারে, আইল ময়দান পরে, ঘোড়া কোদাইয়া সবে ফেরে। বোরহান উজির তবে, আপনা লস্কর সবে, করে হুকুম লড়ি বার তরে * শুনিয়ে হুকুম তার,ছিল জত আছওার,একে বারে চলিল সাজিয়া কায়ানি লস্কর জেথা,জাইয়া পৌছিল সেথা,মারে তেগ জোরেতে খেচিয়া * কায়ানি লস্কর সবে, ধাইয়া আইল তবে, দুই দলে গেল জে মিসিয়া। নাহি চেনে কেহু কারে, বে দেরেগ তেগ মারে, সত২ পাড়ে জে কাটীয়া*আজগারপাহালওান,মারে তেগ খরসান, লহু নদি বহায় ময়দানে॥ কলার বাগান হেন, কেটে চলে পাহালওান' জেবা তার পড়েত ছামনে*মার২ ধর ধর, হৈল বড়া সোর সার,জেথা জারে পায় শেথা মারে। তলওারে২ লড়ে সত২ জোরওারে, কেটেপাড়ে হাজারে হাজারে*গোর্জ্জের লড়াই

কোদাইয়া জায় খোসালিত মোনে * বোরহান উজির জদি শুনিল খবর ॥ গোল সান জামাল আইল লইয়া লস্কর * আগু বাড়াইয়া লিল বাদসা জাদারে ॥ খোশালে বশায় লিয়া কুরছির উপরে * সাদিয়ানা বাজা কত লাগিল বাজিতে । সরাব কাবাব বসে খায় খোসালিতে * নিসি গোজারিয়া গেল ফজর হইল * গোলসান জামাল তবে হুকুম করিল * কোমর বান্দিয়া সবে হওনা তৈয়ার। ময়দান উপরে জাহ জত আছওার* হুকুম শুনিয়া জত ছেপাই আছিল। কোমর বান্দিয়া সবে তৈয়ার হইল * জঙ্গের তর্ব্বল তবে লাগিল বাজিতে। শুনিয়ে লস্কর সবে গেল ময়-দানেতে * নামেতে নছরত জঙ্গ এক জোরওার। হাতি কাছা-ড়িয়া মারে এত জোরতার * গোল সানের পায় সেই ছালাম করিয়া। ময়দান উপরে গেল ঘোড়া কোদাইয়া * কায়ান লস্কর হৈতে নামেতে খোরজান। বড়া জোরওার সেই বড়া পাহাল-হওান * কোমর বান্দিয়া সেই ময়দানে আইল॥ নছরতের সাতে এসে মোকাবেলা হৈল * দুই জনে মোকাবেলা হইল জখন। নছ রত ছরদার হেকে কহিল তখন*কি নাম কোথায় ঘর কহ পাহা-লওান। বে নামেতে কেন তুমি হারাইবে জান*শুনিয়ে খোরজান বলে নাম আপনার। কহে কতোজোর রাখ মারো তলওার*এত শুনি খোরজাম গুর্জ্জ উঠাইয়া ॥ নছরতের পরে মারে জোরেতে খেচিয়া*নছরত লইলচোট ঢালেরউপরে। নিজ গোর্জ্জ তুলেমারে খোরজানের ছেরে * খোরজান লইয়া চোট ঢালে আপনার। নছ-রতের পরে মারে খেচিয়া তলওার *নছরত লইল চোট ঢাল দিয়ে ছেরে॥ এইরুপে দুই জনে তেগ বাজি করে*নছরত পাহালওান বড়া হুসিয়ার ছিল। বাঁয় দেখাইয়া হাত ডাহিনে মারিল * এয়ছা জোরে তেগ মারেনছরত জওান। খোরজান পাহালওান গেরে হইয়া দুই খান * খোরজান পাহাওান জদি জমিনে গিরিল দেখিয়ে তাহার ভাই ধাইয়ে আইল* নামে সেরজান সেই বড়া জোর ধরে। ধারিয়া হাত্তির শুড় ফেকে দেয় দুরে * ময়দানেতে

আশে বড়া [illegible] রে তলওয়ার
নছরত লই [illegible] তেগ উঠা-
ইয়া মারে*সেরজান তার চোট রদ্দ কোরে দিল। আপনার তেগ
ফের উঠায়ে মারিল * এই রূপে কত ক্ষন লোড়ে সের জান
নছরতের হাতে মর্দ্দহারাইল জান*সের জান পাহালওান জমিনে
গিরিল। পাহাড় গিরিল জেয়ছা আওাজ হইল*দেখে সেরজানের
হাল হৈয়ে গোস্বা মোন। মমিন নামেতে মর্দ্দ আইল এক জোন
বড়া জবরদস্ত সেই বড়া জোরওার॥ লাম্বা চওরা বড়া উচা পাহাড়
আকার * নছরতের কাছে এসে গর্জ্জিতে লাগিল॥ গালি দিয়া
নছরতেরে কহিতে লাগিল * গিধড়ের মোত দুই ছওার মারিয়া।
তাহাতে তোমার দেল গিয়াছে বাড়িয়া * আইস দেখি মেরা
পরে মার তলওার। বুঝিব মর্দ্দমি তেরা কেয়ছা জোরওার *
শুনিয়া নছরত মর্দ্দ হৈয়া গোস্বা মোন। মমিনেরপরে তেগমারি
তখন * ঢালেতে লইল চোট মমিন ছরদার। নছরতের পরে
মারে গোর্জ্জ আপনার * নছরত তাহার গোর্জ্জ রদ্দ করে দিল।
মমিনের পরে নেজা ঘুমাইয়া মারিল * মমিন পাহালওান অতি
হেকমত হুনরে॥ নছরতের পরে গুর্জ্জ ওঠাইয়া মারে * এয়ছা
জোরে গোর্জ্জ গোটা মারে পাহালওান। নছরত গাফেল ছিল
গিরিল নিদান*জখন নছরত জঙ্গি জমিনে গিরিল। মমিন পাহাল-
ওান তেগ খেচিয়ে মারিল * এয়ছা জোরে মারে তেগ মমিন
খেচিয়া। ধড় ছের গেল তার আলাদা হইয়া * নছরত পাহালওান
মারা পড়িল জখন। দুছরা ছেপাই আইল মহিম কারন * ঘড়ি
এক লড়ে সেই হারাইল জান। দেখিয়ে আইল ফের দুছরা জওান
কত ক্ষন লড়িয়া সে মমিনের সাতে। আখেরে পড়িল মারা মমি-
নের হাতে *এই রূপে জত জন লড়িতে আইল। মমিনের কাছে
এসে ফিরে নাহি গেল * দেখিয়ে গোল সান জামাল গোস্বা দেল
হৈয়া॥ ময়দানেতে গেল মর্দ্দ ঘোড়া ওঠাইয়া*গোস্বা দেল হৈয়া

মমিন [illegible] * ধেনী

সাতে এসে [illegible] তোমার লড়াই ॥ [illegible] কেমন

জেপাই * শুনিয়া মমিন তবে তেগ লিয়া হাতে। বড়া জোরে

তেগ মারে গোল সানের মাথে * গোল সান [illegible] চোট লইয়া

ঢালেতে। ধরিয়া সামরতার আপনারহাতে * উঠাইয়া শল্য পরে

মারিল কাছাড়। খান২ হৈয়ে গেল মমিনের হাড় * দেখি মমিনের

হাল নামেতে আজগার ॥ গোল সানের কাছে আইল ঘোড়ার

ছওার * গোল সান কহিল কহ আপনার নাম। বে [illegible] হইতে কাবে

মারা ভাল নহে কাম * আজ গার শুনে কহে নাম আপনার ॥

গোলসান কহিল কেনে এতো অহঙ্কার * এত শুনি গোল সান

গোস্বায় জলিল। আজগারের ছের পরে তলওার মারিল * আজ-

গার লইল চোট ঢালেতে উড়িয়া ॥ গোল সানের তেগ তবে গেল

রদ হইয়া * আজগার মারিল চোট গোল সানের ছেরে। গোল

সান করিল রদ ঢালের উপরে * এই রূপে কত ক্ষন লড়ে দুই

জন। গোল সান জামাল অতি গোস্বায় তখন * আজগারের পরে

তেগ উঠাইয়া মারে ॥ উভে২ কেটে দুই ফাক করে তারে * এক

পাও ধোরে তার জমিনে কাছাড়ে। আর এক পাও কেকে কায়ানি

লস্করে * দেখি আজগারের হাল ভয় পাইয়া মোনে। কেহ না

লড়িতে আইসে গোল সানের সোনে * কেহ না লড়িতে আইল

গোল সান দেখিয়া। কায়ানি লস্করে গেরে গোল সান জাইয়া *

আবিদ মানিক কহে এলাহি ভাবিয়া। ত্রিপদি ছন্দেতে কহি

পয়ার ছাড়িয়া *

* ত্রিপদী * কায়ানি কাফেলা জেবা, গোল সান

জাইয়া সেবা, মারে তেগ বে দেরেগ হৈয়া ॥ দেখিয়ে কায়ানি

গোনে, আইল ধাইয়া রোনে; গোল সানেরে লিল জে ঘিরিয়া

গোল সান ঘোড়ার পরে, দু হাতে তলওার মারে, ধরে বাগ

দাতেতে খেচিয়া ॥ দেখিয়া বোরহান তবে, লইয়া লস্কর

সবে, একে বারে চলিল ঝাপিয়া * মার২ ধর ধর হৈল বড়া সোর

সোলমান মওবাহার

মানিক

বাংলা একাডেমী ঢাকা